**সিটি অব নিউ ইয়র্ক**
**2012-2013**
**ডিস্ট্রিক্টিং কমিশন**

**প্রতি:** এনওয়াইসি ডিস্ট্রিক্টিং কমিশনের সদস্যবৃন্দ
**হইতে:** Carl Hum, নির্বাহী পরিচালক
**সুত্রপ্রসঙ্গা:** ফেব্রুয়ারিতে সংশোধিত ডিস্ট্রিক্ট পরিকল্পনা
**তারিখ:** ফেব্রুয়ারি 4, 2013

---

এই ডকুমেন্টটি নিউ ইয়র্ক সিটি ডিস্ট্রিক্টিং কমিশনের সংশোধিত ডিস্ট্রিক্টিং পরিকল্পনা সম্পর্কে স্টাফদের মতামত জানায়, পরিকল্পনাটিযা এখনো কমিশন কর্তৃক গৃহীত হয়নি। সংশোধিত পরিকল্পনাটি সম্পর্কে কমিশনের ফেব্রুয়ারি 6, 2012 তারিখের উন্মুক্ত জনসভায় আলোচনা করা হবে। কমিশনের বিবেচনা করা সবগুলো বিষয় নিয়ে একটি ব্যাপক আলোচনা করা এই ডকুমেন্টের উদ্দেশ্য নয়।

## রিডিস্ট্রিক্টিং-এর জন্য ব্যবহৃত মানদন্ডসমুহ

নিউ ইয়র্ক সিটিতে, আইনের তিনটি মৌলিক উৎস রিডিস্ট্রিক্টিং-কে নিয়ন্ত্রণ করে থাকে: মার্কিন সংবিধানের চতুর্দশ সংশোধনী, 1965 সালের ভোটের টদানের অধিকার সম্পর্কিত ফেডারেল আইন, এবং নিউ ইয়র্ক সিটি চার্টার (এর পর থেকে "চার্টার" হিসেবে উল্লেখ করা হবে)। নিচে যেভাবে ব্যাখ্যা করা হয়েছে, কমিশন সম্পূর্ণ ডিস্ট্রিক্টিং প্রক্রিয়া জুড়ে আইনের এই সব উৎসগুলোর প্রতিটিতে বর্ণিত মানদন্ডগুলো সতর্কতার সাথে ও একনিষ্ঠভাবে মেনে চলেছে।

### ক. মার্কিন সংবিধানের চতুর্দশ সংশোধনী

চতুর্দশ সংশোধনীর "সমান সুরক্ষা" শর্ত একটি এলাকার সব ব্যক্তির প্রতি আইন সমানভাবে প্রয়োগ করার নিশ্চয়তা দেয়। এটি "এক ব্যক্তি, এক ভোট" মানদন্ড প্রতিষ্ঠিত করেছে, এই মানদন্ড অনুযায়ী ডিস্ট্রিক্টগুলোতে সাধারণভাবে সমান সংখ্যক মানুষ থাকতে হবে। *দেখুন, Gray v. Sanders*, 372 U.S. 368, 381 (1963).

কংগ্রেশনাল রিডিস্ট্রিক্টিং এর তুলনায়, স্টেট ও স্থানীয় রিডিস্ট্রিক্টিং এর ক্ষেত্রে সংবিধান অধিক বিচ্যুতির সুযোগ দেয়। "একটি সাধারণ বিষয় হিসেবে, ... জনসংখ্যার ক্ষেত্রে সর্বোচ্চ 10% এর কম বিচ্যুতি সহ ভাগাভাগির পরিকল্পনা ছোটখাট বিচ্যুতির শ্রেণিতে পড়ে" যা "চতুর্দশ সংশোধনীর অধীনে বিদ্বেষমুলক বৈষম্যের ক্ষেত্র তৈরি করার জন্য" অপর্যাপ্ত।" *Brown v. Thompson, 462 U.S. 835, 842 (1983), quoting Gaffney v. Cummings, 412 U.S. 735, 745 (1973).*

যুক্তরাষ্ট্রের আদমশুমারি অনুযায়ী, 2010 সালে নিউ ইয়র্কের জনসংখ্যা ছিল 8,175,133 জন। এছাড়াও নিউ ইয়র্কের 2010 সালের আইনের 57তম অনুচ্ছেদ অনুযায়ী ডিস্ট্রিক্টিং কমিশনকে নিউ ইয়র্ক স্টেটের কারাবন্দীদেরকে সমান অনুপাতে ভাগ করতে হবে, যা 2010 সালে ছিল মোট 21,082 জন।

কারাবন্দীদের সংখ্যা সমন্বয় করার পর, নিউ ইয়র্ক সিটির 51টি কাউন্সিল ডিস্ট্রিক্টের মধ্যে ভাগ করে দিলে একটি ডিস্ট্রিক্টের আদর্শ জনসংখ্যা হওয়া উচিত 160,710 জন।

চার্টারের ডিস্ট্রিক্টিং এর শর্ত এবং ফেডারেল সাংবিধানিক ও ভোটের টদানের অধিকার সম্পর্কিত আইনের শর্ত অনুযায়ী, ডিস্ট্রিক্টিং কমিশন চার্টারের অধীনে অনুমোদিত সার্বিক জনসংখ্যার 10% বিচ্যুতির মধ্যে সবগুলো ডিস্ট্রিক্টের জনসংখ্যা বজায় রাখতে সক্ষম। এনওয়াইসি চার্টার § 52(1)(a).

**খ. 1965 সালের ভোটেরটদানের অধিকার আইন – (অনুচ্ছেদ 2 ও 5)**

**ক. অনুচ্ছেদ 2**

রিডিস্ট্রিক্টিংকে নিয়ন্ত্রণকারী মৌলিক আইনের পরবর্তী উৎস হলো 1965 সালের ভোটের টদানের অধিকার আইন, এবং বিশেষ করে, এই আইনের অনুচ্ছেদ 2 ও 5। 42 U.S.C. § 1973, et seq. এই আইনের অনুচ্ছেদ 2 যুক্তরাষ্ট্রের সবগুলো এলাকার জন্য প্রযোজ্য, এবং রিডিস্ট্রিক্টিং এর সময় আরো অন্যান্য বিষয়ের মধ্যে, জাতি, বর্ণ, ভাষাগত সংখ্যালঘু দলের সদস্যপদের ভিত্তিতে বৈষম্য করাকে নিষিদ্ধ করে। *42 U.S.C. § 1973a দেখুন।* সাধারণভাবে, অনুচ্ছেদ 2 "সংখ্যালঘু ভোটারদের ঘনত্ব কমিয়ে দেয়াকে" নিষিদ্ধ করে, যার অর্থ হলো অসংখ্যালঘুদের পক্ষে সংখ্যালঘুদের ভোটের শক্তি কমিয়ে দেয়া বা নষ্ট করে দেয়া।

ভোটের টদানের অধিকার আইনের অনুচ্ছেদ 2 এর আইনী কাঠামোকে মাথায় রেখে, কমিশন নিউ ইয়র্ক সিটির সেই সব এলাকাগুলোর মূল্যায়ন করেছে যেখানে সংখ্যালঘু কোনো গোষ্ঠীর ভৌগলিকভাবে ঘনবিন্যস্ত অবস্থান একটি ডিস্ট্রিক্টে সংখ্যাগরিষ্ঠতা তৈরি করতে পারে, অনুচ্ছেদ 2 অনুযায়ী কমিশন এই ধরনের একটি ডিস্ট্রিক্টের প্রয়োজনীয়তা সম্পর্কে সিদ্ধান্ত নিয়েছে, এবং প্রযোজ্য ক্ষেত্রে এই ধরনের ডিস্ট্রিক্টগুলো তৈরি করেছে বা বজায় রেখেছে। ফলশ্রুতিতে, সংশোধিত পরিকল্পনায় মোট 35টি কাউন্সিল ডিস্ট্রিক্ট রয়েছে যেগুলোতে সংরক্ষিত জাতিগত ও ভাষাগত সংখ্যালঘু গোষ্ঠীগুলো ডিস্ট্রিক্টের মোট জনসংখ্যার সার্বিক সংখ্যাগরিষ্ঠদের প্রতিনিধিত্ব করে। এর তুলনায়, 2003 সালের ডিস্ট্রিক্টিং পরিকল্পনায় এই ধরনের মোট 30টি ডিস্ট্রিক্ট ছিল।

**খ. অনুচ্ছেদ 5**

ভোটের টদানের অধিকার আইনের অনুচ্ছেদ 5, আইনের অধীনে চিহ্নিত কিছু নির্দিষ্ট এলাকার ক্ষেত্রে প্রযোজ্য, যা ভোটদান প্রক্রিয়ার পরিবর্তনগুলো (যেমন রিডিস্ট্রিক্টিং পরিকল্পনা) যে বৈষম্যময় নয় তা দেখানোর দায়িত্ব স্টেট ও স্থানীয় সরকারগুলোর উপর অর্পণ করে। দেখুন *42 U.S.C. § 1973c.* নিউ ইয়র্ক সিটিতে, এই ধরনের তিনটি এলাকা রয়েছে – নিউ ইয়র্ক কাউন্টি, ব্রংক্স কাউন্টি, ও কিংস কাউন্টি। রিডিস্ট্রিক্টিং পরিকল্পনার ক্ষেত্রে, সংখ্যালঘু নাগরিকরা "তাদের পছন্দের প্রার্থীকে নির্বাচিত" করার ক্ষেত্রে কাউন্সিলের ডিস্ট্রিক্টগুলো সংখ্যালঘু নাগরিকদের "সক্ষমতাকে সুরক্ষিত রাখে" কিনা সেই দিকে অনুচ্ছেদ 5 লক্ষ্য রাখে।[1]

কোনো বিশেষ রিডিস্ট্রিক্টিং পরিকল্পনার অধীনে এই সক্ষমতা সুরক্ষিত আছে কিনা তার পরীক্ষা দু'টি বিষয়ের উপর নির্ভর করে – পরিকল্পনায় কোনো "বৈষম্যের উদ্দেশ্য" বা "বৈষম্যময় প্রভাব" আছে কিনা। "বৈষম্যময় প্রভাব" এর বিষয়টি হলো "অবনতির" একটি পরীক্ষা, যার অর্থ হলো, বর্তমানে নির্ধারণ করা ডিস্ট্রিক্টগুলোর তুলনায় সংখ্যালঘু ভোটারদের অবস্থা খারাপের দিকে যাবে কিনা। "বৈষম্যের উদ্দেশ্য" বিবেচনা করে যে সংখ্যালঘু ভোটারদের বিরুদ্ধে বৈষম্য করার জন্য ইচ্ছাকৃতভাবে এই পরিকল্পনাটি তৈরি করা হয়েছে কিনা।

---

[1] লক্ষ্য করুন যে সংখ্যালঘু ভোটারদের "পছন্দের প্রার্থীর" মধ্যে যে কোনো জাতি বা জাতিগত উৎপত্তির প্রার্থী থাকতে পারে – এই পরিভাষাটি সেই ডিস্ট্রিক্টের সংখ্যালঘু জনগোষ্ঠীর মত একই জাতি বা জাতিগত উৎপত্তির প্রার্থীদের মধ্যে সীমাবদ্ধ নয়।

অনুচ্ছেদ 5 এর আলোকে, চার্টারের শর্ত অনুযায়ী ডিস্ট্রিক্টিং কমিশন ডিস্ট্রিক্টগুলোর সীমানা নির্ধারণ করেছে, যা সংখ্যালঘু ভোটারদের শক্তিকে সুরক্ষিত রাখে এবং সিটিতে তাদের পছন্দনীয় প্রার্থীকে নির্বাচিত করার ক্ষেত্রে সংখ্যালঘু ভোটারদের সক্ষমতাকে হ্রাস করে না। এটা করার ক্ষেত্রে কমিশন সফল হয়েছে – সংশোধিত পরিকল্পনাটি সংখ্যালঘু ভোটারদেরকে পছন্দের প্রার্থী নির্বাচনের সক্ষমতা প্রদানকারী সমান সংখ্যক, 19টি ডিস্ট্রিক্টই কেবল বজায় রাখছে না, বরং সেইসাথে ব্রুকলিনের ডিস্ট্রিক্ট 46-কেও "নির্বাচিত করার সুযোগসম্পন্ন" ডিস্ট্রিক্টে পরিণত করেছে। এই সব শর্তগুলো মেনে চলা নিশ্চিত করতে সাহায্য করার জন্য ডিস্ট্রিক্টিং কমিশন ড. লিসা হ্যান্ডলিকে রেখে দিয়েছে যিনি রিডিস্ট্রিক্টিং ও ভোটের অধিকারটদানের অধিকারের বিষয়ে জাতীয়ভাবে-স্বীকৃত একজন বিশেষজ্ঞ (যিনি যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব জাস্টিসকে অন্যান্য বিষয়সহ এই ধরনের বিষয়ে পরামর্শ দিয়েছেন), এবং ড. হ্যান্ডলি মতামত দিয়েছেন যে এই সংশোধিত পরিকল্পনাটি ভোটেরটদানের অধিকার আইনের অনুচ্ছেদ 5 এর সাথে সম্পূর্ণভাবে সঙ্গতিপূর্ণ।

### গ. নিউ ইয়র্ক সিটি চার্টার

রিডিস্ট্রিক্টিং প্রক্রিয়া সম্পর্কিত আইনের চূড়ান্ত মৌলিক উৎস হলো নিউ ইয়র্ক সিটি চার্টারের অনুচ্ছেদ 52। অনুচ্ছেদ 52 কয়েকটি শর্ত নির্ধারণ করে দিয়েছে যা নতুন সীমানা চিহ্নিত করার সময় রিডিস্ট্রিক্টিং কমিশনকে "যত বেশি সম্ভব ক্ষেত্রে" এবং তালিকাভুক্তির ক্রম অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োগ করতে হবে। নিচে যেভাবে ব্যাখ্যা করা হয়েছে, কমিশন সীমানা নির্ধারণের পুরো প্রক্রিয়া জুড়ে চার্টারের মানদন্ডগুলো সতর্কতার সাথে ও একনিষ্ঠভাবে মেনে চলেছে।

#### i. জনসংখ্যার আকার

প্রথম শর্ত হলো সবচেয়ে কম জনসংখ্যাবিশিষ্ট ডিস্ট্রিক্ট ও সবচেয়ে বেশি জনসংখ্যাবিশিষ্ট ডিস্ট্রিক্টের মধ্যে জনসংখ্যার ব্যবধান ডিস্ট্রিক্টগুলোর গড় জনসংখ্যার চেয়ে 10% এর বেশি হবে না। NYC Charter § 52(1)(a). এই শর্ত অনুযায়ী, রিডিস্ট্রিক্টিং এর সময় সবচেয়ে বেশি জনসংখ্যাবিশিষ্ট ডিস্ট্রিক্টের জনসংখ্যা সবচেয়ে কম জনসংখ্যাবিশিষ্ট ডিস্ট্রিক্টের জনসংখ্যার চেয়ে 16,071 জনের বেশি হতে পারবে না।[2] উপরে যেভাবে বর্ণনা করা হয়েছে, ডিস্ট্রিক্টিং কমিশন এই রেঞ্জের মধ্যে সবগুলো ডিস্ট্রিক্টের জনসংখ্যা সফলভাবে বজায় রাখতে সক্ষম। সবচেয়ে বেশি জনসংখ্যাবিশিষ্ট ডিস্ট্রিক্ট, নিউ ইয়র্ক কাউন্টির ডিস্ট্রিক্ট 3-এর জনসংখ্যা 168,556 জন, এবং সবচেয়ে কম জনসংখ্যাবিশিষ্ট ডিস্ট্রিক্ট, কুইন্স কাউন্টির ডিস্ট্রিক্ট 23-এর জনসংখ্যা 152,767 জন।

#### ii. জাতিগত ও সংখ্যালঘু গোষ্ঠীগুলোর ভোটারদের ন্যায্য ও কার্যকর প্রতিনিধিত্ব

দ্বিতীয় শর্ত হলো, এই পরিকল্পনাকে "নিউ ইয়র্ক সিটিতে জাতিগত ও সংখ্যালঘু গোষ্ঠীগুলোর ভোটারদের ন্যায্য ও কার্যকর প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে যা যুক্তরাষ্ট্রের ভোটের টদানের অধিকার আইন দ্বারা সুরক্ষিত।" NYC Charter § 52(1)(b). এই বিষয়টিকে অবশ্যই ভোটের টদানের অধিকার আইনের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে, যা উপরে বর্ণনা করা হয়েছে। উপরে যেভাবে উল্লেখ করা হয়েছে, ডিস্ট্রিক্টিং কমিশনের সংশোধিত পরিকল্পনা ভোটেরটদানের অধিকার আইনের অনুচ্ছেদ 2 ও 5 এর সাথে সঙ্গতিপূর্ণ।

#### iii. মহল্লাগুলো এবং সম্পর্কযুক্ত কমিউনিটিগুলো অবিভক্ত রাখা

চার্টারের তৃতীয় শর্ত হলো ডিস্ট্রিক্টের সীমারেখাগুলো "সাধারণ আগ্রহস্বার্থ ও সংগঠনের প্রতিষ্ঠিত সম্পর্কের ক্ষেত্রে মহল্লা ও কমিউনিটিগুলোর প্রতিষ্ঠিত বন্ধনকে অবিভক্ত রাখতে হবে, তা ঐতিহাসিক, জাতিগত, অর্থনৈতিক, সাম্প্রদায়িক, ধর্মীয় বা অন্য কিছুর ভিত্তিতে হলেও।" NYC Charter § 52(1)(c).

---

[2] উপরে যেভাবে বর্ণনা করা হয়েছে, 2010 সালের আদমশুমারির তথ্যের ভিত্তিতে একটি ডিস্ট্রিক্টের জন্য আদর্শ জনসংখ্যা (কারাবন্দীদের সংখ্যা সমন্বয় করার মাধ্যমে) হলো 160,710।

নিউ ইয়র্ক সিটিতে মহল্লা ও "সম্পর্কযুক্ত কমিউনিটি" সম্পর্কে কমিশন প্রচুর তথ্য বিবেচনা করেছে, এগুলোর মধ্যে ছিল আগের ডিস্ট্রিক্টের সীমানা, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব সিটি প্ল্যানিং ডেটা, কমিউনিটি ও ভোটের টদানের অধিকারের প্রবক্তাদের কাছ থেকে পাওয়া তথ্য, এবং স্বতন্ত্র কমিশনারদের বিশেষজ্ঞতা। এই তথ্যকে হাজার হাজার ব্যক্তির সাক্ষ্য ও মতামতের মাধ্যমে সম্পূরণ করা হয়েছে যারা পাঁচটি কাউন্টির সব জায়গার মহল্লা ও কমিউনিটি সম্পর্কে কমিশনকে মৌখিক ও লিখিতভাবে অবহিত করেছে। সেইসাথে, কমিশনের সদস্যদের জন্য বহুমুখী প্রশিক্ষণ সিরিজের অংশ হিসেবে সেন্টার অব আরবান রিসার্চের পরিচালক এবং নিউ ইয়র্ক সিটির মহল্লাগুলো সম্পর্কে বিশেষজ্ঞ ড. জন মোল্লেনকফ, নিউ ইয়র্ক সিটিতে মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলো সম্পর্কে কমিশনের কাছে বিস্তারিতভাবে উপস্থাপন করেছেন।

কমিশন এই বিভিন্ন তথ্যের উৎসগুলো বিবেচনা করেছে, এবং সংশোধিত পরিকল্পনায় মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলো যতটা সম্ভব কম বিভক্ত করা হয়েছে। বিভক্তি এড়ানোর লক্ষ্য অর্জনের জন্য, কমিশন ডিস্ট্রিক্টের-পর-ডিস্ট্রিক্ট পদ্ধতি ব্যবহার করেছে এবং এমন ব্যবস্থা প্রয়োগের চেষ্টা করেছে যেগুলো মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোর বিভক্তি কমাবে। যখন মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলো অবিভক্ত রাখার জন্য অন্যান্য উচ্চ-অগ্রাধিকারযুক্ত মানদন্ডগুলো পূরণ করা সম্ভব হচ্ছিল না, তখন কমিশন সংঘাতপূর্ণ স্বার্থগুলোকে সবচেয়ে ভালোভাবে ভারসাম্যপূর্ণ করার উপায়কে বেছে নিয়েছে।

### iv. চার্টারের অন্যান্য মানদন্ড

ক্রমহ্রাসমানভাবে অগ্রাধিকারের বাকি বিষয়গুলোর মধ্যে রয়েছে: (ক) ডিস্ট্রিক্টগুলোকে নিবিড় বা কম্প্যাক্ট হতে হবে (দৈর্ঘ্যে প্রস্থের দ্বিগুণের বেশি হওয়া যাবে না); (খ) ডিস্ট্রিক্টগুলো বরোর সীমারেখা অতিক্রম করতে পারবে না; (গ) একই রাজনৈতিক দলে নিবন্ধিত ভোটারদের ভৌগোলিক ঘনত্ব কমানোর উদ্দেশ্যে ডিস্ট্রিক্টগুলোর সীমারেখা টানা যাবে না; এবং (ঘ) ডিস্ট্রিক্টগুলো প্রমিত "আকৃতিবিশিষ্ট" হওয়া উচিত এবং সামগ্রিকভাবে পরিকল্পনায় অন্তর্ভুক্ত ডিস্ট্রিক্টগুলো যতটা সম্ভব নিবিড় বা কম্প্যাক্ট হওয়া উচিত। NYC Charter § 52(1)(d)-(g). অন্যান্য উচ্চ-অগ্রাধিকারবিশিষ্ট শর্ত পূরণের জন্য এই শর্তগুলোকে গৌণ হিসেবে বিবেচনা করা যেতে পারে।

অবশেষে, চার্টারের অনুচ্ছেদ 52-তে আরো দুইটি বাধ্যতামূলক শর্ত রয়েছে। প্রথমত, ডিস্ট্রিক্টগুলো অবশ্যই সংলগ্ন হতে হবে, অর্থাৎ একই ডিস্ট্রিক্টের বিভিন্ন অংশ অবশ্যই কোনো না কোনোভাবে সংযুক্ত হতে হবে - যেমন ভূমি, সেতু, টানেল,ট্রামের রাস্তা বা নিয়মিত ফেরি সার্ভিস। NYC Charter § 52(2). দ্বিতীয়ত, যদি চার্টারের ডিস্ট্রিক্টিং এর শর্ত মানতে গিয়ে এমন একটি পরিকল্পনা তৈরি করা হয় যেখানে চার্টারের উচ্চ-অগ্রাধিকারমূলক শর্ত মানতে গিয়ে কোনো ডিস্ট্রিক্টকে অনিবার্যভাবে বরোর সীমারেখা অতিক্রম করতে হয়, তাহলে চার্টারের অবশ্য-পালনীয় শর্ত হলো যে এক জোড়া নির্দিষ্ট বরোব্যাপী একটির বেশি ডিস্ট্রিক্ট অবস্থিত হতে পারবে না। NYC Charter § 52(3).

কমিশন চার্টারের এই অবশিষ্ট শর্তগুলোকে সর্বোচ্চ যতটা সম্ভব প্রয়োগ করেছে। NYC Charter § 52-এর সাথে সঙ্গতিপূর্ণভাবে, সবগুলো ডিস্ট্রিক্ট যুক্তিসঙ্গতভাবে কম্প্যাক্ট এবং সবগুলোই সংযুক্ত রয়েছে। সেইসাথে, ডিস্ট্রিক্টগুলো যাতে একই রাজনৈতিক দলে নিবন্ধিত ভোটারদের ভৌগোলিক ঘনত্বকে কমিয়ে না দেয় তা নিশ্চিত করার জন্য একটি প্রচেষ্টা হিসেবে কমিশন নির্বাচনী তথ্য পরীক্ষা-নিরীক্ষা করে দেখেছে। সংশোধিত পরিকল্পনায় তিনটি বিদ্যমান আন্তঃবরো ডিস্ট্রিক্ট অন্তর্ভুক্ত রয়েছে, ডিস্ট্রিক্ট 8, 22 ও 34; যেগুলোর "এক ব্যক্তি, এক ভোট" শর্ত অথবা চার্টারের সংযুক্ততার শর্ত মেনে চলা নিশ্চিত করার জন্য এগুলোর সীমারেখা নির্ধারণ করা হয়েছে। ডিস্ট্রিক্ট 8 ব্রংক্স ও ম্যানহাটানজুড়ে, ডিস্ট্রিক্ট 22 কুইন্স ও ব্রংক্সজুড়ে, এবং ডিস্ট্রিক্ট 34 ব্রুকলিন ও কুইন্সজুড়ে অবস্থিত।

## ডিস্ট্রিক্টগুলোর বিস্তারিত বিবরণ

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের প্রস্তাবিত প্রতিটি ডিস্ট্রিক্ট সম্পর্কে নিচে আলোচনা করা হয়েছে; নিউ ইয়র্ক সিটি, পাঁচটি বরোর প্রতিটি, এবং প্রতিটি ডিস্ট্রিক্টের গঠনকে প্রভাবিতকারী প্রধান প্রধান ইস্যু ও বিষয়গুলোর একটি সংক্ষিপ্ত বিবরণ দিয়ে তা শুরু করা হয়েছে।

### ক. নিউ ইয়র্ক সিটির সংক্ষিপ্ত বিবরণ

2010 সালের আদমশুমারিতে দেখা গেছে যে গত দশকে নিউ ইয়র্ক সিটি উল্লেখযোগ্য জনসংখ্যাতাত্ত্বিক পরিবর্তনের মধ্য দিয়ে পার হয়েছে। সিটির জনসংখ্যা 167,000 বা 2% বেড়ে 8,175,133 জনে এসে পৌঁছেছে। যদিও জনসংখ্যা সার্বিকভাবে বেড়েছে, মহল্লাগুলোর মধ্যে মানুষের অবস্থান পরিবর্তন ছিল উল্লেখযোগ্য। যদিও সেন্সাস ব্যুরো কর্তৃক নিউ ইয়র্ক সিটির জনসংখ্যা কম গণনা করার অভিযোগ রয়েছে, নিউ ইয়র্ক সিটি চার্টারের শর্ত হলো যুক্তরাষ্ট্রের সর্বসাম্প্রতিক আদমশুমারির উপাত্ত অনুযায়ী ডিস্ট্রিক্টের পরিকল্পনা তৈরি করা আবশ্যক। NYC Charter § 52(a).

নিউ ইয়র্ক শহরের অধিবাসীদের জাতিগত ও নৃতাত্ত্বিক বিন্যাসও পরিবর্তিত হয়েছে। নিউ ইয়র্ক সিটি জুড়ে, অ-হিস্পানিক শ্বেতাঙ্গ জনসংখ্যা 3% কমে গেছে, তবে, এই একই জনগোষ্ঠী ব্রুকলিন ও ম্যানহাটানে যথাক্রমে 4.5% ও 8.2% বেড়ে গেছে। কৃষ্ণাঙ্গ[3] জনসংখ্যাও সিটিজুড়ে 5% কমে গেছে, যদিও কৃষ্ণাঙ্গ জনগোষ্ঠীর ঐতিহ্যগতভাবে শক্তিশালী ঘাটি ব্রুকলিন ও ম্যানহাটানে সমগ্র সিটির চেয়ে বেশি হারে এই জনসংখ্যা কমেছে। এর বিপরীতক্রমে, হিস্পানিক জনসংখ্যা 8% বেড়েছে। সবচেয়ে উল্লেখযোগ্য হলো, প্রথমবারের মত এশীয় জনসংখ্যা এক মিলিয়ন ছাড়িয়ে গেছে, যা প্রায় 32% বেড়েছে।

### খ. কাউন্টিগুলোর সংক্ষিপ্ত বিবরণ

#### ক. নিউ ইয়র্ক কাউন্টির সংক্ষিপ্ত বিবরণ

ম্যানহাটানের জনসংখ্যা প্রায় 3% বেড়ে 1,585,873 জনে এসে দাঁড়িয়েছে। যদিও ডাউনটাউন ম্যানহাটানে, বিশেষ করে ডিস্ট্রিক্ট 1 ও 2 এ জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়েছে, ডিস্ট্রিক্ট 7 ও 10 এ জনসংখ্যা কমে গিয়ে তার ভারসাম্য রক্ষা করেছে। সার্বিকভাবে, এই বরোতে অ-হিস্পানিক শ্বেতাঙ্গ জনসংখ্যা 8% বেড়েছে। এশীয় জনসংখ্যা 24% বেড়েছে। হিস্পানিক জনসংখ্যা সামান্য পরিমাণে, 3% কমেছে। সিটির মধ্যে ম্যানহাটানেই কৃষ্ণাঙ্গ জনসংখ্যা সবচেয়ে বেশি কমেছে, যার পরিমাণ প্রায় 13%, এটা ঘটেছে মূলত উত্তর ম্যানহাটান ও সেন্ট্রাল হার্লেমে।

#### খ. ব্রংক্স কাউন্টির সংক্ষিপ্ত বিবরণ

ব্রংক্সের জনসংখ্যা প্রায় 4% বেড়ে অধিবাসীর সংখ্যা 1,385,108 জনে এসে দাঁড়িয়েছে। ব্রংক্সের জনসংখ্যার প্রায় 53% হিস্পানিক, যা গত দশকে 15% প্রবৃদ্ধির হার নির্দেশ করে। অ-হিস্পানিক শ্বেতাঙ্গ জনসংখ্যা 22% কমেছে। কৃষ্ণাঙ্গ জনসংখ্যা স্থিতিশীল ছিল এবং এশীয় জনসংখ্যা 23% বেড়েছে।

---

[3] 2010 সালের আদমশুমারিতে, "কৃষ্ণাঙ্গ বা আফ্রিকান আমেরিকান" বলতে এমন একজন ব্যক্তিকে বোঝায়, যার উৎপত্তি হয়েছে আফ্রিকার কোনো একটি কৃষ্ণাঙ্গ জাতিগত গোষ্ঠী থেকে। কৃষ্ণাঙ্গ জাতিগত গোষ্ঠীর মধ্যে সেই সব ব্যক্তিরা অন্তর্ভুক্ত রয়েছেন যারা আদমশুমারির ফরমে "কৃষ্ণাঙ্গ, আফ্রিকান আমেরিকান, বা নিগ্রো" চেকবক্সে টিকচিহ্ন দিয়েছিলেন। এতে আদমশুমারির সেই সব অংশগ্রহণকারীরাও অন্তর্ভুক্ত রয়েছেন যারা আফ্রিকান আমেরিকান; সাব-সাহারান আফ্রিকান এন্ট্রিগুলো যেমন কেনীয় ও নাইজেরীয়; এবং আফ্রো-ক্যারিবীয় এন্ট্রিগুলো যেমন হাইতিয়ান ও জ্যামাইকান হিসেবে নিজেদেরকে উল্লেখ করেছেন।

সার্বিকভাবে, হিস্পানিকরা বরোর উত্তর, উত্তরপশ্চিম, ও পুর্বাংশের অ-হিস্পানিক শ্বেতাঙ্গ জনগোষ্ঠীকে প্রতিস্থাপিত করছে। দক্ষিণ ব্রংক্সের ডিস্ট্রিক্ট 16 ও 17-তে জনসংখ্যা বৃদ্ধি সবচেয়ে বেশি উল্লেখযোগ্য ছিল। ব্রংক্সে 9টি পূর্ণাঙ্গ ডিস্ট্রিক্টের জন্য কমিশনের কাছে জনগণের অনুরোধ জানানো সত্ত্বেও, এই বরোর জনসংখ্যা 9টি ডিস্ট্রিক্টের জন্য পর্যাপ্ত নয়। প্রতিটি ডিস্ট্রিক্টে 160,710 জন অধিবাসীর আদর্শ জনসংখ্যার ভিত্তিতে,ব্রংক্স কাউন্টির লোকসংখ্যা আদর্শ আকারের 8.6টি ডিস্ট্রিক্টকে সমর্থন করতে পারে যেখানে নিউ ইয়র্ক কাউন্টির লোকসংখ্যা আদর্শ আকারের 9.9টি কাউন্সিল ডিস্ট্রিক্টকে সমর্থন করতে পারে। ব্রংক্সে 9টি ডিস্ট্রিক্ট তৈরি করাটা তাত্ত্বিকভাবে সম্ভব হবে শুধুমাত্র যদি ব্রংক্সের প্রায় সবগুলো ডিস্ট্রিক্টে সর্বনিম্ন অনুমোদিত জনসংখ্যা বরাদ্দ করা হয়। তবে, এই ধরনের ক্ষেত্রে, রিকার্স আইল্যান্ডের (যা ব্রংক্স কাউন্টিতে অবস্থিত কিন্তু কেবলমাত্র কুইন্স কাউন্টির মাধ্যমে প্রবেশযোগ্য) অবস্থানের কারণে কমিশনকে তারপরেও কুইন্স-ব্রংক্স ডিস্ট্রিক্টের প্রয়োজনীয়তাকে মোকাবেলা করতে হবে, এবং সেইসাথে অন্যান্য বরোর ডিস্ট্রিক্টগুলোতে হয় ব্যাপকভাবে কম-লোকসংখ্যা বা বেশি-লোকসংখ্যার প্রয়োজন দেখা দেওয়া সম্পর্কিত উল্লেখযোগ্য "তরঙ্গ প্রভাব" মোকাবেলা করতে হবে, যা নিউ ইয়র্ক সিটির অধিবাসীদের ভোটের ক্ষমতাকে প্রভাবিত করার সম্ভাবনা রয়েছে। ডিস্ট্রিক্টিং এর শর্তগুলোকে ভারসাম্যপূর্ণ করার জন্য, কমিশনের সংশোধিত পরিকল্পনায় নিউ ইয়র্ক কাউন্টিতে প্রায় 9.5টি ডিস্ট্রিক্ট এবং ব্রংক্স কাউন্টিতে 8.5টি ডিস্ট্রিক্ট রয়েছে।

### গ. কুইন্স কাউন্টির সংক্ষিপ্ত বিবরণ

গত দশকে কুইন্স কাউন্টির জনসংখ্যা স্থিতিশীল ছিল, মাত্র 0.1% বেড়েছে। তা সত্ত্বেও, এই বরোটি সিটির সবচেয়ে বেশি বৈচিত্র্যময় বরো হিসেবে রয়ে গেছে। অ-হিস্পানিক শ্বেতাঙ্গ এবং হিস্পানিক উভয়েই বরোর জনসংখ্যার প্রায় 28% এর প্রতিনিধিত্ব করে, এর পরেই রয়েছে 23% এশীয় ও 18% কৃষ্ণাঙ্গ। আদমশুমারির তথ্যে দেখা গেছে অ-হিস্পানিক শ্বেতাঙ্গ জনসংখ্যা 16% কমে গেছে এবং এশীয় জনসংখ্যা 31% বেড়েছে। সিটির সার্বিক হারের তুলনায় এই বরোর জনসংখ্যা বৃদ্ধির হার ধীর হওয়ার কারণে, সংশোধিত পরিকল্পনায় অনেকগুলো ডিস্ট্রিক্টের লোকসংখ্যা আদর্শ পরিমাণের চেয়ে কম হয়েছে।

### ঘ. কিংস কাউন্টির সংক্ষিপ্ত বিবরণ

সিটির সবচেয়ে বেশি জনবহুল বরো ব্রুকলিন এবং এর জনসংখ্যা 1.6% বেড়ে 2,504,700 জনে এসে দাঁড়িয়েছে। এই বরোর কৃষ্ণাঙ্গ জনসংখ্যা প্রায় 6% কমেছে। অ-হিস্পানিক শ্বেতাঙ্গ জনসংখ্যা প্রায় 5% বেড়েছে, যেখানে হিস্পানিক জনসংখ্যা প্রায় একই রয়েছে, এবং এশীয় জনসংখ্যা 41% বেড়েছে। বিশেষ করে ইস্ট নিউ ইয়র্ক ও সানসেট পার্কের অধিবাসী সংখ্যা বেড়েছে, যেখানে ফ্ল্যাটবুশ ও ইস্ট ফ্ল্যাটবুশ মহল্লাগুলোর জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে কমেছে।

### ঙ. রিচমন্ড কাউন্টির সংক্ষিপ্ত বিবরণ

অন্য যে কোনো বরোর তুলনায় স্ট্যাটেন আইল্যান্ডের জনসংখ্যা সবচেয়ে বেশি হারে বেড়েছে, যার পরিমাণ ছিল 5.6%। আরো 25,000 নতুন অধিবাসী নিয়ে, এই বরোর জনসংখ্যা বেড়ে 468,730 জনে দাঁড়িয়েছে। এই বৃদ্ধির কারণে সংশোধিত পরিকল্পনায় স্ট্যাটেন আইল্যান্ড তিনটি পূর্ণাঙ্গ কাউন্সিল ডিস্ট্রিক্ট পেতে পারে। বস্তুত স্ট্যাটেন আইল্যান্ডের প্রতিটি মহল্লার জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে, এবং সবচেয়ে বেশি বেড়েছে চার্লসটন-রিচমন্ড ভ্যালি ও টটেনভিলে। স্ট্যাটেন আইল্যান্ডই একমাত্র বরো যেখানে হিস্পানিক ও কৃষ্ণাঙ্গ জনসংখ্যা উভয়েই বেড়েছে, এর পরিমাণ ছিল যথাক্রমে 51% ও 12%, এবং সবচেয়ে বেশি বেড়েছে ডিস্ট্রিক্ট 49-এ। এছাড়াও স্ট্যাটেন আইল্যান্ডে এশীয় জনসংখ্যা 40% বেড়েছে, যদিও এই বরোর এশীয় জনসংখ্যা এখনো 50,000 এর কম।

**গ. কাউন্সিল ডিস্ট্রিক্টের সংক্ষিপ্ত বিবরণ**

## ক. নিউ ইয়র্ক কাউন্টি

### i. ডিস্ট্রিক্ট 1

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি[4] |
|---|---|---|---|
| 1 | 168,491 | 146,003 | 4.84% |

ডিস্ট্রিক্ট 1 এর মধ্যে রয়েছে চায়না টাউন, ব্যাটারি পার্ক সিটি, ট্রাইবেকা, সোহো, ফিনান্সিয়াল ডিস্ট্রিক্ট, গভর্ণর্স আইল্যান্ড, ও গ্রিণিচ ভিলেজ। গত দশকে এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা 13% বেড়েছে। ডিস্ট্রিক্ট 1 তার আগের আকৃতির অনেকটাই বজায় রেখেছে এবং এর উত্তর দিকের সীমারেখায় পরিবর্তন ঘটেছে। সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে একত্রে রাখার জন্য, মিচেল-লামা ডেভেলপমেন্ট গভর্ণর গার্ডেন্সকে ডিস্ট্রিক্ট 1-এ অবিভক্ত রাখা হয়েছে।

যদিও 2003 সালের পরিকল্পনায় কাঠামোগতভাবে ডিস্ট্রিক্ট 1 এশীয় সংখ্যাগরিষ্ঠ ছিল না, কিন্তু 2009 সালের প্রাইমারিতে এশীয় ভোটাররা সিটি কাউন্সিলে তাদের পছন্দের প্রার্থীকে নির্বাচিত করতে সক্ষম হয়েছিল। এশিয়ান আমেরিকান কমিউনিটি কোয়ালিশন অন রিডিস্ট্রিক্টিং অ্যান্ড ডেমোক্রেসি ("অ্যাকর্ড") ও অন্যান্য গোষ্ঠীগুলোর মতামত থেকে দেখা যায় যে তারা আর্থ-সামাজিক স্বার্থকে ঐক্যবদ্ধ করার জন্য লোয়ার ইস্ট সাইড ও চায়নাটাউনকে একত্রিত করতে চেয়েছিল। তবে, এশিয়ান আমেরিকানস ফর ইকুয়ালিটি অ্যান্ড দি চায়না টাউন পার্টনারশীপের প্রকাশিত দৃষ্টিভঙ্গিগুলো এই মতামতকে উল্টো দিক থেকে ভারসাম্যপূর্ণ করে তোলে। কমিশনের আইনী উপদেষ্টা ও কমিশনের বিশেষজ্ঞ বিশ্লেষক ড. হার্ড্যান্ডলির পরামর্শ অনুযায়ী, ডিস্ট্রিক্ট 1-এর সীমানা উল্লেখযোগ্যভাবে পরিবর্তন করা হয়নি। পুনর্বিন্যস্ত ডিস্ট্রিক্ট 1 এই ডিস্ট্রিক্টের জাতিগত ও সংখ্যালঘু ভোটার গোষ্ঠীগুলোর জন্য ন্যায্য ও কার্যকর প্রতিনিধতপ্রতিনিধিত্ব প্রদান করবে এবং এটি ভোটের টদানের অধিকার আইনের সাথে সঙ্গতিপূর্ণ।

### ii. ডিস্ট্রিক্ট 2

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 2 | 168,334 | 151,832 | 4.74% |

ডিস্ট্রিক্ট 2 এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে লোয়ার ইস্ট সাইড, ইস্ট ভিলেজ, গ্রামার্সি পার্ক, কিপস বে, ও মারি হিল। গত দশকে এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা প্রায় 5% বেড়েছে। চার্টারের সাথে সঙ্গতিপূর্ণভাবে, ডিস্ট্রিক্ট 2-এর সাথে সম্পর্কযুক্ত কমিউনিটি গঠন করার কারণে পিট স্ট্রিট ও নরফোক স্ট্রিট, এবং ইস্ট হাউস্টন ও স্ট্যান্টন স্ট্রিটের মধ্যবর্তী অনেকগুলো ব্লককে এই ডিস্ট্রিক্টের সাথে যুক্ত করা হয়েছে। একই কারণে, নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটির ("এনওয়াইসিএইচএ") একটি প্রকল্প ভ্লাডেক হাউসেস-কে ডিস্ট্রিক্ট 2-এর সাথে সম্পূর্ণভাবে একীভূত করা হয়েছে যা আগে ডিস্ট্রিক্ট 1 ও ডিস্ট্রিক্ট 2 এর মধ্যে বিভক্ত ছিল। ডিস্ট্রিক্ট 2 এর সীমানা ব্যাপকভাবে অপরিবর্তিত রয়েছে, এবং মূলত ডিস্ট্রিক্ট 1-এর আকৃতি দ্বারা প্রভাবিত হয়েছে, যা "নির্বাচিত হওয়ার সুযোগবিশিষ্ট" ডিস্ট্রিক্ট হিসেবে তার সম্ভাবনা অক্ষুন্ন রেখেছে।

---

[4] জনসংখ্যার বিচ্যুতি দ্বারা ডিস্ট্রিক্টের আদর্শ জনসংখ্যা থেকে শতকরা পার্থক্যের পরিমাণ নির্দেশ করে।

### iii. ডিস্ট্রিক্ট 3

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 3 | 168,556 | 154,915 | 4.88% |

ওয়েস্ট ভিলেজের লোয়ার ওয়েস্ট অঞ্চল, ওয়েস্ট সোহো, চেলসি, ও হেল'স কিচেন নিয়ে ডিস্ট্রিক্ট 3 গঠিত হয়েছে। যেহেতু ডিস্ট্রিক্ট 3-এর জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে প্রায় 8% বেশি ছিল, তাই মারি হিল, ফ্যাশন ডিস্ট্রিক্ট, ও মিডটাউনকে ডিস্ট্রিক্ট 4-এর সাথে যুক্ত করা হয়েছে। সুশাসন সম্পর্কিত সংগঠন কমন কজের জমা দেওয়া বিকল্প পরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণভাবে, এই ডিস্ট্রিক্টের পূর্ব দিকের সীমান্ত হলো ব্রডওয়ে।

### iv. ডিস্ট্রিক্ট 4

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 4 | 168,456 | 148,713 | 4.82% |

ডিস্ট্রিক্ট 4-এর মধ্যে রয়েছে স্টাইভেসান্ট টাউন, পিটার কুপার ভিলেজ, মুরিমারি হিল, সেন্ট্রাল পার্ক সাউথ, ও আপার ইস্ট সাইড। ডিস্ট্রিক্ট 4-এর কাঠামোকে প্রভাবিতকারী মূল বিষয়টি ছিল এই ডিস্ট্রিক্টের কমে যাওয়া জনসংখ্যা এবং ডিস্ট্রিক্ট 3-এর তুলনামূলকভাবে বেড়ে যাওয়া জনসংখ্যার মধ্যে ভারসাম্য তৈরি করা। এই অসামঞ্জস্যের কারণে, ডিস্ট্রিক্ট 3 থেকে মুরিমারি হিল, ফ্যাশন ডিস্ট্রিক্ট, ও মিডটাউনের অংশবিশেষ নিয়ে ডিস্ট্রিক্ট 4-এর সাথে যুক্ত করা হয়েছে। উত্তরের সীমারেখায় জনসংখ্যা যুক্ত হওয়ার ফলে ডিস্ট্রিক্ট 8 ব্রংক্সের আরো ভেতরে সম্প্রসারিত হতে পেরেছে, যা ব্রংক্সের অধিবাসীদের জন্য আনুপাতিক হারে কাউন্সিলের আরো বেশি প্রতিনিধিত্ব অর্জনের জন্য অপরিহার্য, যা সংবিধানের "এক ব্যক্তি, এক ভোট" মানদন্ড ও নিউ ইয়র্ক সিটি চার্টারের সাথে সঙ্গতিপূর্ণ।

### v. ডিস্ট্রিক্ট 5

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 5 | 168,413 | 147,385 | 4.79% |

সাটন প্লেস, আপার ইস্ট সাইড, ইয়র্কভিল, ও রুজভেল্ট আইল্যান্ড নিয়ে ডিস্ট্রিক্ট 5 গঠিত হয়েছে। ডিস্ট্রিক্ট 4 ও ডিস্ট্রিক্ট 8 থেকে জনসংখ্যা নেয়ারনওয়ার জন্য এই ডিস্ট্রিক্টের উত্তরের সীমারেখা ইস্ট 97$^{th}$ ও 98$^{th}$ স্ট্রিট পর্যন্ত সম্প্রসারিত হয়েছে। উপরে যেভাবে বর্ণনা করা হয়েছে, আইনী বাধ্যবাধকতার সাথে সঙ্গতিপূর্ণভাবে ব্রংক্সের অধিবাসীদের জন্য আনুপাতিক হারে কাউন্সিলের প্রতিনিধিত্ব অর্জনের জন্য এই সব পরিবর্তনগুলোর কারণে ডিস্ট্রিক্ট 8 ব্রংক্সের আরো ভেতরে সম্প্রসারিত হতে পেরেছে।

## vi. ডিস্ট্রিক্ট 6

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 6 | 168,441 | 143,703 | 4.81% |

নর্দার্ণ ক্লিনটন, আপার ওয়েস্ট সাইড, ও সেন্ট্রাল পার্ক নিয়ে ডিস্ট্রিক্ট 6 গঠিত হয়েছে। মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলো অবিভক্ত রাখার উদ্দেশ্যে চার্টারের ম্যান্ডেট পুরণ করার জন্য ডিস্ট্রিক্ট 6 এর পরিবর্তনগুলো করা হয়েছে। ব্রডওয়ে ও হাডসন রিভারের মধ্যে অবস্থিত $96^{th}$ থেকে $109^{th}$ স্ট্রিট পর্যন্ত উত্তরের সীমানা সম্প্রসারণের ফলে ম্যানহাটান ভ্যালি ডিস্ট্রিক্ট 7-এ আসতে পেরেছে। এনওয়াইসিএইচএ-এর দুইটি ডেভলপমেন্ট হারবারভিউ টেরেস ও আমর্স্টারডাম হাউসের মধ্যে, এবং 10 ওয়েস্ট এন্ড এভিনিউ’র একটি আবাসিক ভবন ও রিভারসাইড সেন্টারের মধ্যে বিদ্যমান সম্পর্কযুক্ত কমিউনিটি নিয়ে গণশুনানিগুলোতে দুইটি উদ্বেগ তুলে ধরা হয়েছিল। এই তিনটি হাউজিং কমপ্লেক্সকে ডিস্ট্রিক্ট 6-এর মধ্যে অন্তর্ভুক্ত করে নেয়ার মাধ্যমে সংশোধিত পরিকল্পনায় এই উভয় উদ্বেগ দুরীভুত করা হয়েছে।

সেই সাথে, গণশুনানিতে উল্লিখিত ডিস্ট্রিক্ট 8-এ চার্টারের “দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত” বিষয়ক কম্প্যাক্ট রাখার শর্তের বিদ্যমান সংঘাত দুর করার জন্য, সেন্ট্রাল পার্ককে ডিস্ট্রিক্ট 8 থেকে সরিয়ে ডিস্ট্রিক্ট 6-এ নিয়ে আসা হয়েছে, এর ফলে একটি কম্প্যাক্ট ডিস্ট্রিক্ট গঠিত হয়েছে যা এই শর্তের সাথে সঙ্গাতিপূর্ণ। সেন্ট্রাল পার্কের অত্যন্ত কম জনসংখ্যার কারণে, চার্টারের নীতিমালার অন্য যে কোনো উচ্চ-অগ্রাধিকারমুলক নীতিকে লঙ্ঘন না করেই এটা করা সম্ভব হয়েছে।

## vii. ডিস্ট্রিক্ট 7

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 7 | 168,453 | 139,642 | 4.82% |

ডিস্ট্রিক্ট 7-এর মধ্যে রয়েছে মর্নিংসাইড হাইটস, ম্যানহাটানভিল, হ্যামিলটন হাইটস, এবং ওয়াশিংটন হাইটস-এর একটি ছোট অংশ। ডিস্ট্রিক্ট 7-এর এই কাঠামোর পেছনে মুল কারণ হলো ডিস্ট্রিক্ট 10-এর জনসংখ্যা তীব্রভাবে কমে যাওয়া এবং সংবিধান ও চার্টার অনুযায়ী সমান প্রতিনিধিত্ব নিশ্চিত করার প্রয়োজনীয়তা। ওয়েস্ট ও আপার হার্লেমের মধ্যে সম্পর্কযুক্ত কমিউনিটির বিষয়টি সম্পর্কে কমিশন গণশুনানিতে শুনেছে, এবং এর ফলে পরিকল্পনার পরবর্তী সংস্করণগুলোতে এই সব এলাকাগুলোকে সংযুক্ত করা হয়েছে। আরেকটি সম্পর্কযুক্ত কমিউনিটিকে কমিশন সংযুক্ত করেছে, এটি হলো এনওয়াইসিএইচএ হাউজিং ডেভেলপমেন্টের গ্র্যান্ট হাউসেস ও মর্নিংসাইড হাইটস। সবশেষে, অনেক গণসাক্ষ্য ও মন্তব্য দ্বারা সমর্থিত একটি অনুরোধের সাথে সঙ্গাতিপূর্ণভাবে ম্যানহাটান ভ্যালিকে ডিস্ট্রিক্ট 7-এ একত্রিত করা হয়েছে, এটি আগে 2003 এর সীমারেখা অনুযায়ী তিনটি ডিস্ট্রিক্টে বিভক্ত ছিল। ছোটখাট কিছু সংস্কারমুলক ব্যতিক্রম ছাড়া, ডিস্ট্রিক্ট 7-এর সীমারেখা মুলত কমন কজ-এর বিকল্প ম্যানহাটান পরিকল্পনাকে ব্যাপকভাবে প্রতিফলিত করে এবং কমিউনিটি বোর্ড 9-কে সম্পূর্ণভাবে অন্তর্ভুক্ত করে।

### viii. ডিস্ট্রিক্ট 8

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 8 | 168,460 | 124,348 | 4.82% |

ডিস্ট্রিক্ট 8-এর মধ্যে রয়েছে ম্যানহাটানের ইস্ট হার্লেম ও র‍্যান্ডাল'স আইল্যান্ড, এবং ব্রংক্সের মট হ্যাভেন, কনকোর্স, ও হাইব্রিজ। ডিস্ট্রিক্ট 8-এর গঠনকে প্রভাবিতকারী চার্টার-সংশ্লিষ্ট বড় ধরনের বিষয়গুলোর মধ্যে ছিল ম্যানহাটান ও ব্রংক্স উভয় বরোর অধিবাসীদেরকে কাউন্সিলে আনুপাতিক হারে প্রতিনিধিত্ব প্রদান করার প্রয়োজনীয়তা, মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটি বজায় রাখা, এবং উল্লেখযোগ্য সাংস্কৃতিক বৈশিষ্ট্যগুলো সংরক্ষণ করা।

ব্রংক্স কাউন্টিতে জনসংখ্যার ব্যাপক বৃদ্ধির কারণে ডিস্ট্রিক্ট 8 উল্লেখযোগ্যভাবে পরিবর্তিত হয়েছে। 2003 সালের সীমারেখা অনুযায়ী, ডিস্ট্রিক্ট 8 একটি আন্তঃবরো ডিস্ট্রিক্ট যা মুলত ম্যানহাটানের ইস্ট হার্লেম ও ব্রংক্সের মট হ্যাভেনের একটি ক্ষুদ্র অংশ নিয়ে গঠিত। উপরে ব্রংক্সের সংক্ষিপ্ত আলোচনায় যেভাবে বর্ণনা করা হয়েছে, ব্রংক্সের অধিবাসীদের জন্য কাউন্সিলে আনুপাতিক হারে প্রতিনিধিত্ব নিশ্চিত করার জন্য, 2003 সালের সীমারেখায় ডিস্ট্রিক্ট 17-এর অধীনে থাকা কিছু জায়গা নিয়ে সংশোধিত পরিকল্পনায় ডিস্ট্রিক্ট 8-কে সম্প্রসারিত করা হয়েছে।

কমিশনের গণশুনানির সময় উত্তোলিত কমিউনিটির বেশ কিছু উদ্বেগ নিরসরনের জন্য কমিশন ডিস্ট্রিক্ট 8-এর নতুন সীমারেখার প্রস্তাব করে। গণশুনানির প্রতিক্রিয়ায়, লা মার্কুয়েটা, এল মুসেও ডেল বারিও, এবং মাউন্ট সিনাই হসপিটালকে জনগণ গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও সাংস্কৃতিক ল্যান্ডমার্ক হিসেবে চিহ্নিত করেছে এবং এগুলোকে ডিস্ট্রিক্ট 8-এর মধ্যে রাখা হয়েছে। কমন কজ-এর বিকল্প পরিকল্পনা ও সাউথ ব্রংক্স কমন সেন্স প্ল্যান-এর নকশা, এবং জানুয়ারিতে ব্রংক্সে কমিশনের শুনানির সময় আরো অনেকের প্রদত্ত সাক্ষ্য অনুযায়ী র‍্যান্ডেল'স আইল্যান্ডকেও ডিস্ট্রিক্ট 8-এর মধ্যে রাখা হয়েছে। আগের একটি খসড়া পরিকল্পনায় র‍্যান্ডেল'স আইল্যান্ডকে কুইন্সের একটি ডিস্ট্রিক্টে স্থান দেয়ার পর জনগণের ব্যাপক মতামতের ভিত্তিতে এই পরিবর্তন করা হয়। সেই প্রাথমিক পরিকল্পনায় ডিস্ট্রিক্ট 8-কে উত্তর দিকে ক্রস ব্রংক্স এক্সপ্রেসওয়ে পর্যন্ত সম্প্রসারিত করা হয়েছিল। জনগণের অনুরোধ পুরণ এবং চার্টারের শর্তের সাথে সঙ্গতিপুর্ণ করার উদ্দেশ্যে এই ডিস্ট্রিক্টকে আরো কম্প্যাক্ট করার জন্য,ব্রংক্সের অংশটিকে দক্ষিণদিকে সংকুচিত করা হয়েছে, যাতে কনকোর্স মহল্লাকে সংযুক্ত করা যায়।

ডিস্ট্রিক্ট 8-এর কাঠামো নিয়ে আরেকটি চ্যালেঞ্জ হচ্ছে গত দশ বছরে হিস্পানিক জনসংখ্যা কমে যাওয়া। ড. হ্যান্ডলির বিশ্লেষণ নির্দেশ করছে যে ডিপার্টমেন্ট অব জাস্টিস ডিস্ট্রিক্ট 8-কে বেঞ্চমার্ক (যেমন, 2003) পরিকল্পনার অধীনে ভোটের টদানের অধিকার আইন অনুযায়ী সুরক্ষিত ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করার সম্ভাবনা রয়েছে। 2010 সালের আদমশুমারিতে দেখা গেছে যে ডিস্ট্রিক্ট 8-এর ভোট প্রদানের বয়সী হিস্পানিক জনসংখ্যার শতকরা হার বেঞ্চমার্ক পরিকল্পনায় 47% কমে গেছে। কমিশন ডিস্ট্রিক্ট 8-এর যে পরিবর্তন করেছে তাতে ডিস্ট্রিক্ট 8 "নির্বাচিত করতে সক্ষম" ডিস্ট্রিক্ট হিসেবে রয়ে গেছে, কারণ সংশোধিত পরিকল্পনার অধীনে বাউন্ডারিগুলোতে ভোট প্রদানের বয়সী হিস্পানিক জনসংখ্যার হার 63.1%। ড. হ্যান্ডলির বিশ্লেষণ অনুযায়ী, প্রস্তাবিত নতুন ডিস্ট্রিক্ট 8 ফেডারেল ভোটেরটদানের অধিকার আইনের সাথে সঙ্গতিপূর্ণভাবে "নির্বাচিত করতে সক্ষম" ডিস্ট্রিক্ট হিসেবে কাজ করবে। ড. হ্যান্ডলির বিশেষজ্ঞ বিশ্লেষণ অনুযায়ী, যদিও 2003 সালের সীমারেখা অনুযায়ী গঠিত এই ডিস্ট্রিক্ট 2009 সালের সিটি কাউন্সিল প্রাইমারিতে হিস্পানিক ভোটারদের পছন্দের প্রার্থীকে নির্বাচিত করেনি, আশা করা হচ্ছে যে নতুন ডিস্ট্রিক্ট 8-এ হিস্পানিক ভোটাররা তাদের পছন্দের প্রার্থীকে নির্বাচিত করতে পারবে।

### ix. ডিস্ট্রিক্ট 9

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 9 | 160,288 | 125,310 | -0.26% |

ডিস্ট্রিক্ট 9-এ অন্তর্ভুক্ত রয়েছে সেন্ট্রাল হার্লেম ও ইস্ট হার্লেমের কিছু অংশ। যদিও এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা 6.1% বেড়েছে, কিন্তু কৃষ্ণাঙ্গ জনসংখ্যা প্রায় 13% কমেছে। মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে একসাথে রাখার জন্য, মর্নিংসাইড হাইটস ও ম্যানহাটান ভ্যালিকে ডিস্ট্রিক্ট 9 থেকে অপসারণ করা হয়েছে (যাতে ম্যানহাটান ভ্যালি সম্পূর্ণভাবে ডিস্ট্রিক্ট 7-এর ভেতরে থাকে) এবং $140^{th}$ স্ট্রিটের উপরে অবস্থিত হার্লেমের কিছু অংশকে এই সেন্ট্রাল হার্লেম ডিস্ট্রিক্টের সাথে যুক্ত করা হয়েছে। ডিস্ট্রিক্ট 9-এর আকৃতি "ইউনিটি ম্যাপ" নামে পরিচিত একটি বিকল্প পরিকল্পনার সাথে অনেকটা মিলে যায়, যা অনেকগুলো গ্রুপের মিলিত ফসল: ল্যাটিনো জাস্টিস PRLDEF, এশিয়ান আমেরিকান লিগ্যাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড (AALDEF), সেন্টার ফর ল' অ্যান্ড সোস্যাল জাস্টিস (CLSJ), ন্যাশনাল ইনস্টিটিউট ফর ল্যাটিনো পলিসি (NILP), এবং লা ফুয়েন্তে।

### x. ডিস্ট্রিক্ট 10

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 10 | 166,731 | 133,657 | 3.75% |

ডিস্ট্রিক্ট 10-এর মধ্যে রয়েছে ওয়াশিংটন হাইটস, হাডসন হাইটস, ফোর্ট জর্জ, ও ইনউড। গত দশকে, ডিস্ট্রিক্ট 10 তার 9% জনসংখ্যা হারিয়েছে, যার ফলে 136,647 জন অধিবাসী নিয়ে এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে কম রয়েছে, যা আদর্শ জনসংখ্যার চেয়ে প্রায় 15% কম। সুতরাং, ডিস্ট্রিক্ট 10-কে নিয়ে মূল চিন্তা হলো এর জনসংখ্যা যাতে সংবিধান ও চার্টারের সাথে সঙ্গতিপূর্ণ হয় তা নিশ্চিত করা। উত্তর ম্যানহাটানকে সম্পূর্ণভাবে অন্তর্ভুক্ত করার জন্য এই ডিস্ট্রিক্টকে পশ্চিম দিকে সম্প্রসারিত করা হয়েছে, যার কিছু অংশ আগে ডিস্ট্রিক্ট 7-এর অংশ ছিল। এছাড়াও এই পরিবর্তনটি মহল্লাগুলোকে একত্রিত করার ক্ষেত্রে চার্টারের শর্তের সাথে সঙ্গতিপূর্ণ, কারণ ওয়াশিংটন হাইটস ও ইনউড এর বেশিরভাগ অংশই এই ডিস্ট্রিক্টের বাউন্ডারিতে অবস্থিত। এই ডিস্ট্রিক্টের কাঠামো ইউনিটি ম্যাপের বিকল্প পরিকল্পনার অনুরূপ।

## খ. ব্রংক্স কাউন্টি

### xi. ডিস্ট্রিক্ট 11

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 11 | 153,044 | 119,695 | -4.77% |

ডিস্ট্রিক্ট 11-এর মধ্যে রয়েছে কিংসব্রিজ, ফিল্ডসটন, রিভারডেল, নর্থ রিভারডেল, জেরোম পার্ক, নরউড, ভ্যান কর্টল্যান্ড ভিলেজ, স্পুইটেন ডুইভিল, এবং উডলনের কিছু অংশ। ডিস্ট্রিক্ট 12-এর জনসংখ্যা অনেক বেড়ে যাওয়া, এবং ডিস্ট্রিক্ট 11-এর আরো কিছু জনসংখ্যা গ্রহণ করার সক্ষমতার কারণে, উভয় ডিস্ট্রিক্টের জন্য জনসংখ্যার যথাযথ বিচ্যুতি অর্জনের লক্ষ্যে ব্রংক্স পার্ক ইস্ট এলাকার কিছু অংশকে ডিস্ট্রিক্ট 11-এর সাথে সংযুক্ত করা হয়েছে।

## xii. ডিস্ট্রিক্ট 12

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 12 | 166,555 | 125,961 | 3.64% |

কো-অপ সিটি, বেচেস্টার, ইস্ট চেস্টার, ইডেনওয়াল্ড, লাকোনিয়া, অলিনভিল, উইলিয়ামস ব্রিজ, এবং ওয়েকফিল্ডের একটি অংশ নিয়ে ডিস্ট্রিক্ট 12 গঠিত হয়েছে। 2003 এর সীমারেখার মধ্যে, এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা প্রায় 7% বেড়েছে এবং আদর্শ জনসংখ্যার চেয়ে প্রায় 11,000 জন বেশি রয়েছে। "এক ব্যক্তি, এক ভোট" সাংবিধানিক মানদন্ড এবং নিউ ইয়র্ক সিটি চার্টারের সাথে সঙ্গাতিপূর্ণভাবে, জনসংখ্যার যথাযথ বিচ্যুতির মধ্যে নিয়ে আসার জন্য এই ডিস্ট্রিক্টের জনসংখ্যাকে সমন্বয় করা হয়েছে।

## xiii. ডিস্ট্রিক্ট 13

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 13 | 156,276 | 123,116 | -2.76% |

সুইলারভিল, পেলহাম গার্ডেন্স, ব্রংক্সউড, ব্রংক্সডেল, কান্ট্রি ক্লাব, সিটি আইল্যান্ড, থ্রগস নেক, ও মরিস পার্ক নিয়ে ডিস্ট্রিক্ট 13 গঠিত হয়েছে। এই ডিস্ট্রিক্টের সীমারেখা মূলত একই রয়েছে। জনসংখ্যার বিচ্যুতি কমানো এবং জনগণের সাক্ষ্যে যেভাবে অনুরোধ করা হয়েছে তা মেনে নিয়ে পার্কসাইড এনওয়াইসিএইচএ ডেভেলপমেন্টকে ডিস্ট্রিক্ট 15 এর সাথে একীভূত করার জন্য পশ্চিম দিকের সীমারেখায় সামান্য পরিবর্তন করা হয়েছে। জনগণের সাক্ষ্যের প্রতিক্রিয়ায়, সংশোধিত পরিকল্পনায় ভ্যান নেস্ট মহল্লাকে ডিস্ট্রিক্ট 13 ও 15-এর মধ্যে রাখা হয়েছে, যা আগের প্রাথমিক পরিকল্পনায় কাউন্সিলের তিনটি ডিস্ট্রিক্টের মধ্যে বিভক্ত ছিল। সেইসাথে, ডিস্ট্রিক্ট 12, 13 ও 15 যেখানে মিলিত হয়েছে সেখানে সংশোধিত পরিকল্পনায় একটি নতুন সীমারেখা তৈরি করা হয়েছে, যার ফলে এই ডিস্ট্রিক্টগুলো আরো বেশি কম্প্যাক্ট হয়েছে।

## xiv. ডিস্ট্রিক্ট 14

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 14 | 165,009 | 118,526 | 2.68% |

ডিস্ট্রিক্ট 14-এর মধ্যে রয়েছে মরিস হাইটস, ইউনিভার্সিটি হাইটস, ও ফোর্ডহ্যাম ম্যানর। 2003 এর সীমারেখার মধ্যে, ডিস্ট্রিক্ট 14-এর জনসংখ্যা কমেছে এবং 2010 সালের আদমশুমারিতে দেখা গেছে যে এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে কম রয়েছে এবং জনসংখ্যা বাড়ানোর দরকার ছিল। প্যারিশনারদেরকে তাদের গীর্জা থেকে আলাদা ডিস্ট্রিক্টে স্থান দেয়া সম্পর্কিত একটি গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, জেরোম অ্যাভিনিউ ও 198th স্ট্রিট পর্যন্ত গ্র্যান্ড কনকোর্সকে সংযুক্ত করে এই ডিস্ট্রিক্টের মধ্যে একটি সম্পর্কযুক্ত কমিউনিটিকে একত্রিত করা হয়েছে, এবং সেইসাথে ডিস্ট্রিক্টের পূর্ব সীমান্ত গ্র্যান্ড কনকোর্সকে ব্যাপকভাবে অনুসরণ করেছে। "এক ব্যক্তি, এক ভোট" সাংবিধানিক মানদন্ড এবং নিউ ইয়র্ক সিটি চার্টারের সাথে সঙ্গাতিপূর্ণভাবে, এই সব পরিবর্তনগুলো এই ডিস্ট্রিক্টের জনসংখ্যাকে গ্রহণযোগ্য পর্যায়ে উন্নীত করেছে, এবং সেইসাথে চার্টারের ডিস্ট্রিক্টিং এর মানদন্ডগুলো পূরণ করেছে।

### xv. ডিস্ট্রিক্ট 15

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 15 | 168,524 | 119,696 | 4.86% |

ডিস্ট্রিক্ট 15 এর অধীনে রয়েছে ক্রোটোনা, বেলমন্ট, ফোর্ডহ্যাম হাইটস, ট্রেমন্ট, ভ্যান নেস্ট, ও ব্রংক্সউডের একটি অংশ। 2003 সালের সীমারেখার মধ্যে 167,995 জন অধিবাসী নিয়ে এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে 5% বেশি ছিল। জনগণের সাক্ষ্যের প্রতিক্রিয়ায় এবং সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে অবিভক্ত রাখার জন্য চার্টারের শর্ত অনুসারে পার্কসাইড হাউসকে ডিস্ট্রিক্ট 15-তে একীভূত করা হয়েছে। সংশোধিত পরিকল্পনায় ভ্যান নেস্ট মহল্লাকে ডিস্ট্রিক্ট 13 ও 15-এর মধ্যে রাখা হয়েছে, যা প্রাথমিক পরিকল্পনায় কাউন্সিলের তিনটি ডিস্ট্রিক্টের মধ্যে বিভক্ত ছিল। এই পরিবর্তনের ফলে নিউ ইয়র্ক বোটানিক্যাল গার্ডেন্স এই ডিস্ট্রিক্টের মধ্যে চলে আসে এবং বোটানিক্যাল গার্ডেন্স ও ব্রংক্স জু'কে একটি ডিস্ট্রিক্টের মধ্যে একীভূত করা হয়। এই ডিস্ট্রিক্টের পশ্চিম সীমান্ত এখন গ্র্যান্ড কনকোর্সের প্রাকৃতিতিক সীমানাকে অনুসরণ করছে।

### xvi. ডিস্ট্রিক্ট 16

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 16 | 163,322 | 113,600 | 1.63% |

হাইব্রিজ, ইস্ট মরিসানিয়া, ক্লেয়ারমন্ট, ও কনকোর্স ভিলেজ নিয়ে ডিস্ট্রিক্ট 16 গঠিত হয়েছে। গত দশকে দ্রুত বৃদ্ধির কারণে, এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে মাত্রাতিরিক্ত হয়ে পড়ে, জনসংখ্যার বিচ্যুতি আদর্শ জনসংখ্যার চেয়ে 10.7% বেড়ে যায়। সংবিধান ও চার্টারের সাথে সঙ্গতিপূর্ণভাবে আনুপাতিক প্রতিনিধিত্ব নিশ্চিত করার জন্য, ডিস্ট্রিক্ট 16 তার উত্তরের সীমারেখায় মরিস হাইটস-এর একটি অংশ বাদ দেয়ার মাধ্যমে জনসংখ্যা কমিয়ে আনা হয়েছে। মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে অবিভক্ত রাখার জন্য, কনকোর্স ভিলেজ, হাইব্রিজ, ও ইয়াংকি স্টেডিয়ামকে এই ডিস্ট্রিক্টে অন্তর্ভুক্ত করার জন্য গণসাক্ষ্যের প্রতি কমিশন সাড়া দিয়েছে।

### xvii. ডিস্ট্রিক্ট 17

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 17 | 156,701 | 109,593 | -2.49% |

ডিস্ট্রিক্ট 17-এর মধ্যে রয়েছে হান্টস পয়েন্ট, লংউড, পোর্ট মরিস, উডস্টক, ফক্সহার্স্ট, ও ক্লেয়ারমন্ট ভিলেজ। ডিস্ট্রিক্ট 16-এর মত ডিস্ট্রিক্ট 17 ও জনসংখ্যার ব্যাপক বৃদ্ধি প্রত্যক্ষ করেছে। সমান জনসংখ্যার জন্য সংবিধান ও চার্টারের ম্যান্ডেট মেনে চলা নিশ্চিত করার জন্য আদর্শ জনসংখ্যার চেয়ে প্রায় 13% বেশি জনসংখ্যার বিচ্যুতি সংশোধন করা হয়েছে। পূর্বদিকে বাড়িয়ে এবং পশ্চিম ও দক্ষিণ সীমান্তে জায়গা কমিয়ে ডিস্ট্রিক্ট 17-কে পুনর্গঠিত করা হয়েছে। ডিস্ট্রিক্ট 17-এর আকৃতি মূলত নির্ধারিত হয়েছে ডিস্ট্রিক্ট 8 ও ডিস্ট্রিক্ট 16 এর সীমারেখার মাধ্যমে, এই উভয় ডিস্ট্রিক্টই ভোটের টদানের অধিকার আইনের অধীনে "নির্বাচনের জন্য সক্ষম" ডিস্ট্রিক্ট হিসেবে সংরক্ষিত।

### xviii. ডিস্ট্রিক্ট 18

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 18 | 165,654 | 121,722 | 3.08% |

ক্যাসেল হিল, ক্ল্যাসন পয়েন্ট, পার্কচেস্টার, পার্ক ভার্সাইলেস, ইউনিয়নপোর্ট, ও সাউন্ডভিউ নিয়ে ডিস্ট্রিক্ট 18 গঠিত। 2003 সালের সীমারেখার অধীনে, এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যা থেকে প্রায় 6% বেশি। জনসংখ্যা কমানোর জন্য, এই ডিস্ট্রিক্টের উত্তর-পশ্চিম অংশের সাউন্ডভিউ ও পার্ক ভার্সাইলেস মহল্লার অংশবিশেষ বাদ দেয়া হয়েছে।

## গ. কুইন্স কাউন্টি

### xix. ডিস্ট্রিক্ট 19

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 19 | 156,332 | 127,331 | -2.72% |

উত্তর-পুর্ব কুইন্সে অবস্থিত ডিস্ট্রিক্ট 19-এর মধ্যে রয়েছে আউবার্নডেল, বেসাইড, বে টেরেস, ব্রডওয়ে-ফ্লাশিং, ক্লিয়ারভিউ, কলেজ পয়েন্ট, ডগলাসটন, লিটল নেক, নর্থ ফ্লাশিং, ও হোয়াইটস্টোন। গত দশকে এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা কমে গেছে এবং জনসংখ্যাকে আদর্শ জনসংখ্যার কাছাকাছি নিয়ে আসার জন্য এই ডিস্ট্রিক্টের সীমারেখা সমন্বিত করা হয়েছে। উত্তরদিকে লং আইল্যান্ড সাউন্ডের প্রাকৃতিক সীমারেখা নিয়ে, এই ডিস্ট্রিক্ট দক্ষিণদিকে সম্প্রসারিত হয়েছে। এই ডিস্ট্রিক্টের সীমারেখা বিবেচনা করার ক্ষেত্রে, কমিশন মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটির অনেকগুলো সাক্ষ্য পর্যালোচনা করেছে। চার্টারের ম্যান্ডেট পূরণ করার জন্য এবং জনগণের সাক্ষ্যের সাথে সঙ্গতিপূর্ণভাবে, সংশোধিত পরিকল্পনায় ব্রডওয়ে-ফ্লাশিং এলাকাকে একীভূত করা হয়েছে। অনুরূপ কারণে, সংশোধিত পরিকল্পনায় কম-জনসংখ্যাবিশিষ্ট নর্থ ফ্লাশিং এলাকাকে (যা দ্বারা ইউনিয়ন স্ট্রিটের 33rd অ্যাভিনিউ পর্যন্ত বিস্তারকে বোঝানো হয়) এই ডিস্ট্রিক্টে স্থান দেয়া হয়েছে। এছাড়াও এই নতুন পরিকল্পনায় আউবার্নডেল মহল্লাকে এই ডিস্ট্রিক্টে একীভূত করা হয়েছে। ডিস্ট্রিক্ট 19-এর সীমারেখা কুইন্স সিভিক কংগ্রেসের প্রস্তাবিত বিকল্প পরিকল্পনার সাথে অনেকটাই সঙ্গতিপূর্ণ।

কমিউনিটির অনেক প্রবক্তা বেসাইড হিলস ও ওকল্যান্ড গার্ডেন্সকে ডিস্ট্রিক্ট 19-এ বৃহত্তর বেসাইড কমিউনিটির সাথে একীভূত করার জন্য গণশুনানিগুলোতে আকাঙ্খা ব্যক্ত করেছেন। তবে, সংবিধান ও চার্টার অনুযায়ী জনসংখ্যার সমানুপাতিকতার শর্তের ম্যান্ডেট পূরণ করতে গিয়ে এটা সম্ভব হয়নি। এছাড়াও $48^{th}$ অ্যাভিনিউ এর সীমারেখা বজায় রাখার মাধ্যমে বেসাইড হিলস ও ওকল্যান্ড গার্ডেন্সকে একত্রে রাখা হয়েছে, সেইসাথে ডিস্ট্রিক্ট 19-কে একটি প্রতিযোগিতামুলক ডিস্ট্রিক্ট হিসেবে বজায় রাখা হয়েছে।

### xx. ডিস্ট্রিক্ট 20

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 20 | 158,613 | 132,218 | -1.30% |

ডিস্ট্রিক্ট 20-এর মধ্যে রয়েছে ইস্ট ফ্লাশিং, ফ্লাশিং, কিসেনা পার্ক, মুরিমারি হিল, ও কুইন্সবরো হিল।

ডিস্ট্রিক্ট 20-এর পশ্চিমদিকে ভ্যান উইক এক্সপ্রেসওয়ে ও দক্ষিণদিকে লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের প্রাকৃতিক সীমারেখা থাকার কারণে, ডিস্ট্রিক্ট 20-এর সীমারেখা ডিস্ট্রিক্ট 19-এর সীমারেখার সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত। চার্টারের সাথে সঙ্গতিপূর্ণভাবে, সংশোধিত পরিকল্পনা গণসাক্ষ্যকে মেনে নিয়েছে এবং একটি সম্পর্কযুক্ত কমিউনিটি হিসেবে মিচেল-লিন্ডেন কো-অপকে ডিস্ট্রিক্ট 20-এর সাথে একীভূত করেছে।

### xxi. ডিস্ট্রিক্ট 21

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যা বিচ্যুতি |
|---|---|---|---|
| 21 | 161,147 | 121,914 | 0.27% |

করোনা, ইস্ট এলমহার্স্ট, নর্থ করোনা, ও লাগার্ডিয়া এয়ারপোর্ট নিয়ে ডিস্ট্রিক্ট 21 গঠিত। এই ডিস্টিক্টে এক দশক ধরে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে, যার ফলে 172,973 জন অধিবাসী নিয়ে এই ডিস্ট্রিক্ট কুইন্সের মধ্যে সবচেয়ে জনবহুল ডিস্টিক্টে পরিণত হয়েছে। যতটা সম্ভব চার্টার অনুসরণ করার মাধ্যমে, মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলো অবিভক্ত রেখে এবং ডিস্ট্রিক্টটি সংযুক্ত আছে তা নিশ্চিত করার মাধ্যমে এই ডিস্ট্রিক্টের সীমারেখা সমন্বয় করা হয়েছে। সংশোধিত পরিকল্পনায়, এই ডিস্ট্রিক্ট থেকে এলমহার্স্ট ও ইস্ট এলমহার্স্টের কিছু অংশ বাদ দেয়া হয়েছে এবং করোনার কিছু বাড়তি এলাকা ও লাগার্ডিয়া এয়ারপোর্টকে যুক্ত করা হয়েছে। এছাড়াও সীমারেখাগুলো করোনার অধিকাংশ এলাকাকে এই ডিস্ট্রিক্টের সাথে একীভূত করেছে এবং সীমারেখার চিহ্ন হলো পশ্চিমে জাংশন বুলোভার্ড, দক্ষিণে লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে, এবং পূর্বদিকে ফ্লাশিং মিডো পার্ক। প্রাথমিক খসড়া পরিকল্পনায় ডিস্ট্রিক্ট 24 এর অধীনে থাকা লেফ্রাক সিটিকে ডিস্ট্রিক্ট 21-এ নিয়ে আসা হয়েছে, কারণ গণসাক্ষ্য অনুযায়ী এটি বৃহত্তর করোনা এলাকার সাথে একটি সম্পর্কযুক্ত কমিউনিটি শেয়ার করে। এছাড়াও এলমহার্স্ট মহল্লার একটি বড় অংশকে ডিস্ট্রিক্ট 25-এ একীভূত করা হয়েছে।

### xxii. ডিস্ট্রিক্ট 22

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 22 | 159,059 | 135,360 | -1.03% |

এস্তোরিয়া, ডিটমার্স-স্টেইনওয়ে, ও রিকার্স আইল্যান্ড নিয়ে ডিস্ট্রিক্ট 22 গঠিত হয়েছে। এটি একটি আন্তঃবরো ডিস্ট্রিক্ট কারণ এটি উত্তর-পশ্চিম কুইন্স থেকে রিকার্স আইল্যান্ড পর্যন্ত বিস্তৃত, যা ব্রংক্সের অংশ। গত দশকে উল্লেখযোগ্য পরিমাণে জনসংখ্যা হারানোর কারণে, ডিস্ট্রিক্ট 22 এর জনসংখ্যা বেঞ্চমার্ক (2003) পরিকল্পনার আদর্শ জনসংখ্যার চেয়ে প্রায় 9% কম ছিল। যেহেতু ইস্ট রিভার বরাবর ডিস্ট্রিক্ট 22-এর সীমান্ত রয়েছে, তাই 31st অ্যাভিনিউ বরাবর ইস্ট এলমহার্স্টের অংশবিশেষকে যুক্ত করার জন্য এই ডিস্ট্রিক্ট পূর্বদিকে বর্তমান ডিস্ট্রিক্ট 21-এর ভেতরে প্রবেশ করেছে। গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, কুইন্সভিউ হাউসকে এই ডিস্ট্রিক্টের মধ্যে সম্পূর্ণভাবে একীভূত করা হয়েছে।

### xxiii. ডিস্ট্রিক্ট 23

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 23 | 152,767 | 123,084 | -4.94% |

ডিস্ট্রিক্ট 23-এর মধ্যে রয়েছে হোলিস, কুইন্স ভিলেজ, লিটল নেক, বেসাইড হিলস, বেলেরোস, ফ্লোরাল পার্ক, গ্লেন ওকস, হোলিস হিলস, ফ্রেশ মিডোজ, ও ওকল্যান্ড গার্ডেন্স। 2003 সালের সীমারেখার অধীনে, এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যা থেকে প্রায় 9,000 কম ছিল।

সংবিধান ও চার্টারের সমান জনসংখ্যার শর্ত অনুযায়ী এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা বাড়ানোর উদ্দেশ্যে, বেসাইড হিলসকে সংযুক্ত করার জন্য এই ডিস্ট্রিক্টের সীমারেখা সামান্য সম্প্রসারিত করা হয়েছে, বেসাইড হিলসের সাথে ওকল্যান্ড গার্ডেন্স একটি সম্পর্কযুক্ত কমিউনিটি শেয়ার করে, যে মহল্লাটি ইতিমধ্যেই ডিস্ট্রিক্ট 23-এ রয়েছে। যদিও অনেক প্রবক্তা এই কমিউনিটিগুলোকে ডিস্ট্রিক্ট 19-এ একীভূত করতে চেয়েছিলেন, কিন্তু সংবিধান ও চার্টার অনুযায়ী জনসংখ্যার সমানুপাতিকতার শর্তের ম্যান্ডেট পূরণ করতে গিয়ে এটা সম্ভব হয়নি।

### xxiv. ডিস্ট্রিক্ট 24

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 24 | 154,559 | 122,144 | -3.83% |

ডিস্ট্রিক্ট 24-এর মধ্যে রয়েছে ব্রেয়ারউড, ইউটোপিয়া, হিলক্রেস্ট, জ্যামাইকা স্টেটস, জ্যামাইকা হিলস, ও কিউ গার্ডেন্স হিলস। যদিও এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা বেড়েছে, কিন্তু জনসংখ্যা সংবিধান ও চার্টার অনুযায়ী আবশ্যক বিচ্যুতির গ্রহণযোগ্য সীমার মধ্যেই রয়েছে। প্রাথমিক খসড়া পরিকল্পনায় ব্রেয়ারউড ও জ্যামাইকা হিলস-এর (যারা একত্রে একটি সম্পর্কযুক্ত কমিউনিটি গঠন করে) বিভক্তি সম্পর্কে গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, সংশোধিত পরিকল্পনায় এই মহল্লাগুলোকে ডিস্ট্রিক্ট 24-এ একীভূত করা হয়েছে। এই একীভূতকরণের ফলে লিফ্রাক সিটিকে ডিস্ট্রিক্ট 21-এ সরিয়ে নেয়ায় ইতিবাচক ফল পাওয়া গেছে, যার ফলে এটি তার সম্পর্কযুক্ত কমিউনিটির সাথে যুক্ত হতে পেরেছে।

### xxv. ডিস্ট্রিক্ট 25

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 25 | 166,070 | 133,741 | 3.34% |

জ্যাকসন হাইটস ও এলমহার্স্ট নিয়ে ডিস্ট্রিক্ট 25 গঠিত হয়েছে। যদিও এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা বেড়েছে, কিন্তু জনসংখ্যা সংবিধান ও চার্টার অনুযায়ী আবশ্যক বিচ্যুতির গ্রহণযোগ্য সীমার মধ্যেই রয়েছে। মূলত মহল্লাগুলো ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে অবিভক্ত রাখা এবং আরো বেশি কম্প্যাক্ট একটি ডিস্ট্রিক্ট তৈরি করার জন্য চার্টারের ম্যান্ডেটের ফলে নতুন পরিকল্পনাটি তৈরি হয়েছে। প্রাথমিক খসড়া পরিকল্পনায় এলমহার্স্টকে বিভক্ত করার বিরুদ্ধে প্রবক্তা ও অধিবাসীদের সাক্ষ্যের প্রতি ডিসেম্বরের 4 তারিখের পরিকল্পনা সাড়া দিয়েছে। এর ফলে, এলমহার্স্ট ও জ্যাকসন হাইটসকে ডিস্ট্রিক্ট 25-এ একীভূত করা হয়েছে, এক্ষেত্রে জাংশন বুলোভার্ড, লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে, ও ব্রুকলিন-কুইন্স এক্সপ্রেসওয়ে মহল্লার সীমারেখাগুলোর ক্ষেত্রে AALDEF-এর প্রস্তাবিত সীমারেখাগুলো অনেকাংশেই মেনে নেয়া হয়েছে। সেইসাথে, গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, সম্পর্কযুক্ত কমিউনিটি ব্রুলিন কোঅপারেটিভসকে সম্পূর্ণভাবে ডিস্ট্রিক্ট 25-এর ভেতরে রাখা হয়েছে।

### xxvi. ডিস্ট্রিক্ট 26

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 26 | 154,411 | 126,647 | -3.92% |

ডিস্ট্রিক্ট 26-এর মধ্যে রয়েছে এস্টোরিয়া, সানিসাইড, উডসাইড, ও লং আইল্যান্ড সিটি। যদিও এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা বেড়েছে, কিন্তু জনসংখ্যা সংবিধান ও চার্টার অনুযায়ী আবশ্যক বিচ্যুতির গ্রহণযোগ্য সীমার মধ্যেই রয়েছে।

উডসাইডের আরো বেশি অংশকে এই ডিস্ট্রিক্টের সাথে সংযুক্ত করে মহল্লাগুলোকে একীভূত করার জন্য এই ডিস্ট্রিক্টের পরিবর্তনগুলো করা হয়েছে, সেইসাথে ম্যাসপ্যাথের এলাকাগুলোকে ডিস্ট্রিক্ট 30-এ দিয়ে দেয়া হয়েছে, যাতে এই মহল্লাটি সম্পূর্ণভাবে ডিস্ট্রিক্ট 30-এর মধ্যে থাকে।

### xxvii. ডিস্ট্রিক্ট 27

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 27 | 156,286 | 120,448 | -2.75% |

সেন্ট আলবানস, হোলিস, ক্যাম্ব্রিয়া হাইটস, জ্যামাইকা, এডিসলি পার্ক, রচডেল, ও কুইন্স ভিলেজ নিয়ে ডিস্ট্রিক্ট 27 গঠিত হয়েছে। 2003 সালের সীমারেখার অধীনে, ডিস্ট্রিক্ট 27-এর জনসংখ্যা আদর্শ জনসংখ্যা থেকে প্রায় 3% কম রয়েছে। সংশোধিত পরিকল্পনাটি সংবিধান ও চার্টারের সাথে সঙ্গতিপূর্ণ এবং আরো বেশি জনসংখ্যা সংগ্রহ করার জন্য এর সীমারেখাগুলোকে সম্প্রসারিত করেছে এবং সেইসাথে মহল্লাগুলোকে অবিভক্ত রাখার প্রয়োজনীয়তাকে ভারসাম্যপূর্ণ করেছে। প্রাথমিক খসড়া পরিকল্পনায়, ক্যাম্ব্রিয়া হাইটস-এর একটি অংশকে ডিস্ট্রিক্ট 31-এ সরিয়ে দেয়া হয়েছিল। তবে, গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, এর সীমারেখাকে 121st অ্যাভিনিউতেই পুনস্থাপন করা হয়েছে এবং এখন 121st অ্যাভিনিউ এর অপর পাড়ের কিছু এলাকাকেও যুক্ত করা হয়েছে যাতে ক্যাম্ব্রিয়া হাইটস সম্পূর্ণভাবে একটি ডিস্ট্রিক্টের মধ্যে থাকে। এই ডিস্ট্রিক্টে রচডেলের একটি অংশকে যুক্ত করার জন্য সংশোধিত পরিকল্পনায় দক্ষিণের সীমারেখাকে বেল্ট পার্কওয়ের দিকে স্প্রিংফিল্ড বুলোভার্ড বরাবর সম্প্রসারিত করা হয়েছে।

### xxviii. ডিস্ট্রিক্ট 28

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 28 | 168,443 | 126,798 | 4.81% |

রিচমন্ড হিল, সাউথ ওজোন পার্ক, সাউথ জ্যামাইকা, রচডেল ভিলেজ, ও জন এফ. কেনেডি এয়ারপোর্ট নিয়ে ডিস্ট্রিক্ট 28 গঠিত হয়েছে। 2003 সালের সীমারেখার অধীনে এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যা থেকে প্রায় 13,000 কম থাকার কারণে, ডিস্ট্রিক্ট 28-এর সম্প্রসারণ এবং আরো জনসংখ্যা যোগ করার প্রয়োজন দেখা দেয়। এর ফলে, রিচমন্ড হিল ও সাউথ রিচমন্ড হিলের আরো কিছু অংশ যোগ করার জন্য এর উত্তর ও পশ্চিমের সীমারেখা সম্প্রসারিত করা হয়। এছাড়াও এই সম্প্রসারণের মধ্য দিয়ে দক্ষিণ এশীয় ও ইন্দো-ক্যারিবীয় সম্প্রদায়ের গণসাক্ষ্যে প্রদত্ত মতামত প্রতিফলিত হয়েছে, যারা রিচমন্ড হিল ও সাউথ ওজোন পার্ক মহল্লাগুলোকে একীভূত করার আহ্বান জানিয়েছিলেন। 2003 সালের সীমারেখার অধীনে, এই এলাকাকে চারটি কাউন্সিল ডিস্ট্রিক্টে ভাগ করা হয়েছিল। ডিস্ট্রিক্ট 28-এর পশ্চিমের সীমানা রিচমন্ড হিলের 100th স্ট্রিট বরাবর উডহ্যাভেন বুলোভার্ডের দিকে সরানোর ক্ষেত্রে সংশোধিত পরিকল্পনাটি টেকিং আওয়ার সিট ও AALDEF-এর প্রস্তাবিত সীমারেখাগুলোর উপর প্রবলভাবে নির্ভর করেছে। তা করতে গিয়ে, সংশোধিত পরিকল্পনায় জাতিগত ও সংখ্যালঘু গোষ্ঠীগুলোর ন্যায্য ও কার্যকর প্রতিনিধিত্ব প্রদান এবং মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে যতটা সম্ভব একীভূত রাখা সম্পর্কিত চার্টারের ম্যান্ডেট মেনে চলা হয়েছে। দক্ষিণ এশীয় কমিউনিটির জন্য গুরুত্বপূর্ণ নিম্নলিখিত ল্যান্ডমার্কগুলোও ডিস্ট্রিক্ট 28-এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে: জামে মসজিদ, রিচমন্ড হিল হাই স্কুল, থিরুমুতি মন্দির, এবং সংযুক্ত হিন্দু সাংস্কৃতিক কাউন্সিল সিনিয়র সেন্টার।

### xxix. ডিস্ট্রিক্ট 29

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 29 | 154,989 | 128,736 | -3.56% |

ডিস্ট্রিক্ট 29-এর মধ্যে রয়েছে রেগো পার্ক, ফরেস্ট হিলস, ও কিউ গার্ডেন্স। ডিস্ট্রিক্ট 28-এর মত, ডিস্ট্রিক্ট 29-এর জনসংখ্যাও আদর্শ জনসংখ্যা থেকে প্রায় 8% কম রয়েছে। জনসংখ্যা বৃদ্ধি এবং জনসংখ্যার বিচ্যুতি সংশোধন করার জন্য, এবং সবগুলো ফরেস্ট হিলস-কে সম্পূর্ণভাবে ডিস্ট্রিক্ট 19-এর অধীনে নিয়ে আসার জন্য এই ডিস্ট্রিক্ট তার উত্তর-পূর্ব সীমানাকে গার্ড সেন্ট্রাল পার্কওয়ে পর্যন্ত সম্প্রসারিত করেছে। এছাড়াও এই সীমানা পরিবর্তন একটি সম্পর্কযুক্ত কমিউনিটি, পার্ক সিটি কো-অপসকে অবিভক্তভাবে ডিস্ট্রিক্ট 29-এর মধ্যে রেখেছে।

### xxx. ডিস্ট্রিক্ট 30

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 30 | 154,681 | 122,088 | -3.75% |

মিডল ভিলেজ, মাসপ্যাথ, রিজউড, ও গ্লেনডেল মহল্লা নিয়ে ডিস্ট্রিক্ট 30 গঠিত হয়েছে। এই ডিস্ট্রিক্টটি জনসংখ্যার গ্রহণযোগ্য বিচ্যুতির সীমার মধ্যে রয়েছে, এর মহল্লাগুলোকে অবিভক্ত রাখার জন্য এর সীমারেখা সমন্বয় করা হয়েছে। বিশেষ করে, গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, সংশোধিত পরিকল্পনায় নিউটাইন ক্রিক হিসেবে পরিচিত সম্পূর্ণ মাসপ্যাথ, ব্রুকলিন কুইন্স এক্সপ্রেসওয়ে ও কুইন্স বুলোভার্ডকে ডিস্ট্রিক্ট 30-এ নিয়ে আসা সম্ভব হয়েছে।

### xxxi. ডিস্ট্রিক্ট 31

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 31 | 157,032 | 115,084 | -2.29% |

ডিস্ট্রিক্ট 31-এর মধ্যে রয়েছে লরেলটন, রোজডেল, স্প্রিংফিল্ড গার্ডেন্স, ও ফার রকওয়ে। যদিও ডিস্ট্রিক্ট 31-এর জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে মাত্র 25 জন বেশি ছিল, ডিস্ট্রিক্ট 28-এর সম্প্রসারণের সাথে মানিয়ে নেয়ার জন্য এই ডিস্ট্রিক্টের সীমানা পরিবর্তন করা হয়েছে, ডিস্ট্রিক্ট 28-এর যার জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে 8% কম ছিল।

### xxxii. ডিস্ট্রিক্ট 32

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 32 | 155,955 | 121,173 | -2.96% |

ডিস্ট্রিক্ট 32-এর মধ্যে রয়েছে বেল হারবার, ব্রিজি পয়েন্ট, ব্রড চ্যানেল, হ্যামিলটন বিচ, হওয়ার্ড বিচ, লিন্ডেনউড, নেপনসিট, ওজোন পার্ক, রকঅ্যাওয়ে পার্ক, ও উডহ্যাভেন। ডিস্ট্রিক্ট 28-এর সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে একীভূত করা এবং ডিস্ট্রিক্ট 30 জনসংখ্যার বিচ্যুতির গ্রহণযোগ্য মাত্রার মধ্যে রয়েছে তা নিশ্চিত করার প্রচেষ্টার "তরঙ্গ প্রভাবের" কারণে এই ডিস্ট্রিক্টের উত্তর ও পূর্বদিকের সীমানা পরিবর্তিত হয়েছে।

গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, ডেটেন টাওয়ার্সকে এই ডিস্ট্রিক্টের মধ্যে ফিরিয়ে আনা হয়েছে।

### ঘ. কিংস কাউন্টি

#### xxxiii. ডিস্ট্রিক্ট 33

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 33 | 161,372 | 119,618 | 0.41% |

ডিস্ট্রিক্ট 33-এর মধ্যে রয়েছে গ্রিনপয়েন্ট, উইলিয়ামসবার্গ, বয়েরাম হিল, ব্রুকলিন হাইটস, ডাম্বো, ও ভিনেগার হিল। 2003 সালের সীমারেখার অধীনে, 170,965 লোকসংখ্যা নিয়ে এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে বেশি। চার্টারের ম্যান্ডেটের সাথে সঙ্গাতিপূর্ণভাবে জনসংখ্যার বিচ্যুতি কমানো এবং মহল্লাগুলোকে অবিভক্ত রাখার জন্য, এই ডিস্ট্রিক্টের দক্ষিণের সীমারেখা পরিবর্তিত হয়েছে এবং পার্ক স্লোপ থেকে প্রত্যাহার করা হয়েছে, যার ফলে এই মহল্লাটি ডিস্ট্রিক্ট 39-এর সাথে একীভূত হতে পেরেছে। ফ্ল্যাটবুশ অ্যাভেনিউ ডিস্ট্রিক্ট 33, 35, ও 39-এর মাঝখানে প্রাকৃতিক সীমারেখা হিসেবে রয়ে গেছে। এছাড়াও ডিস্ট্রিক্ট 33-এর অন্যান্য কমিউনিটিগুলোর সাথে পারস্পরিক সম্পর্ক শেয়ার করছে এমন একটি অর্থডক্স ইহুদি কমিউনিটিকে এই ডিস্ট্রিক্টে নিয়ে আসার জন্য ডিস্ট্রিক্ট 33 তার বিদ্যমান ফ্লাশিং অ্যাভিনিউ এর সীমারেখার বাইরে দক্ষিণদিকে এলাকা পেয়েছে। ডিস্ট্রিক্ট 33-এর সাথে এটি যোগ করার ফলে ডিস্ট্রিক্ট 35 ও 36-কে ভোটের টদানের অধিকার আইনের সাথে সঙ্গাতিপূর্ণভাবে কার্যকর "নির্বাচনের জন্য যোগ্য" ডিস্ট্রিক্ট হিসেবে বজায় রাখতে সাহায্য করবে। অবশেষে, প্রাথমিক খসড়া পরিকল্পনায়, ব্রডওয়ে ত্রিভুজ এলাকাকে ডিস্ট্রিক্ট 34-এ সরিয়ে দেয়া হয়েছিল। জোনিং এবং এই পরিবর্তনের অন্যান্য প্রভাব সম্পর্কে গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, সংশোধিত পরিকল্পনায় এই এলাকাটিকে এর সম্পর্কযুক্ত কমিউনিটির সাথে ডিস্ট্রিক্ট 33-এ পুনরায় ফিরিয়ে দেয়া হয়েছে।

#### xxxiv. ডিস্ট্রিক্ট 34

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 34 | 155,276 | 123,505 | -3.38% |

ডিস্ট্রিক্ট 34, একটি আন্তঃবরো ডিস্ট্রিক্ট, এতে রয়েছে ব্রুকলিনের উইলিয়ামসবার্গ ও বুশ উইক এবং কুইন্সের রিজউড। এই ডিস্ট্রিক্টটি বর্তমান ডিস্ট্রিক্টের প্রায় অনুরূপ রয়েছে।

#### xxxv. ডিস্ট্রিক্ট 35

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 35 | 152,804 | 123,216 | -4.92% |

ক্লিনটন হীল, ফোর্ট গ্রিনি, ক্রাউন হাইটস, প্রসপেক্ট হাইটস, ও বেডফোর্ড-স্টাইভেসান্ট নিয়ে ডিস্ট্রিক্ট 35 গঠিত হয়েছে। 2003 সালের সীমারেখার অধীনে, এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে 5% কম রয়েছে। ভোটের টদানের অধিকার আইনের অধীনে এই ডিস্ট্রিক্টকে একটি সুরক্ষিত ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করার সম্ভাবনা থাকায়, একটি সম্পর্কযুক্ত কমিউনিটিকে একীভূত করার জন্য এবং ডিস্ট্রিক্ট 35-এর "নির্বাচিত করতে সক্ষম" ডিস্ট্রিক্টের মর্যাদা অক্ষুন্ন রাখার জন্য ফ্লাশিং অ্যাভিনিউ এর দক্ষিণের এলাকাকে পার্শ্ববর্তী ডিস্ট্রিক্ট 33-এ সরিয়ে দেয়া হয়েছে।

আগের একটি পরিকল্পনায়, ডিস্ট্রিক্ট 35 ও ডিস্ট্রিক্ট 40 এর সীমান্ত ছিল লিংকন রোড বরাবর; তবে, গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায় এই সীমারেখাকে এম্পায়ার বুলোভার্ডের আগের জায়গায় নিয়ে যাওয়া হয়েছে।

### xxxvi. ডিস্ট্রিক্ট 36

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 36 | 152,846 | 116,404 | -4.89% |

ডিস্ট্রিক্ট 36-এর মধ্যে রয়েছে বেডফোর্ড-স্টাইভেসান্ট ও ক্রাউন হাইটস। এটি সেন্ট্রাল ব্রুকলিনের কয়েকটি ডিস্ট্রিক্টের একটি যেগুলোতে গত দশকে জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে গেছে। 2003 সালের সীমারেখার অধীনে, এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে কমপক্ষে 10,000 কম ছিল। সমান জনসংখ্যার জন্য সংবিধান ও চার্টারের ম্যান্ডেট মেনে চলা নিশ্চিত করার জন্য জনসংখ্যা বাড়ানোর উদ্দেশ্যে এই ডিস্ট্রিক্টকে পশ্চিমদিকে সম্প্রসারিত করা হয়েছে।

### xxxvii. ডিস্ট্রিক্ট 37

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 37 | 152,880 | 110,642 | -4.87% |

ডিস্ট্রিক্ট 37-এর মধ্যে রয়েছে ইস্ট নিউ ইয়র্ক, বুশউইক, সাইপ্রেস হিলস, সিটি লাইন, ওশেন হিল-ব্রাউন্সভিল, ও উইকঅফ হাইটস। এই ডিস্ট্রিক্টের সীমারেখায় বড় ধরনের কোনো পরিবর্তন করা হয়নি। সিটি লেন ও ওজোন পার্কের মধ্যে, ডিস্ট্রিক্ট 32-এর একটি মহল্লায় দক্ষিণ এশিয়ার একটি সম্পর্কযুক্ত কমিউনিটি থাকা সম্পর্কে কমিশন সাক্ষ্য শুনেছিল। তবে, এই দুইটি এলাকাকে একীভূত করার ইচ্ছা বাস্তবায়ন করা যায়নি কারণ চার্টারে মাত্র একটি আন্তঃবরো ডিস্ট্রিক্টের অনুমতি রয়েছে। ডিস্ট্রিক্ট 34-কে আন্তঃবরো ডিস্ট্রিক্ট থেকে বাদ দিতে হলে অন্য অনেকগুলো ডিস্ট্রিক্টে উল্লেখযোগ্য ও ঝামেলাপুর্ণ পরিবর্তন করা আবশ্যক হয়ে পড়তো।

### xxxviii. ডিস্ট্রিক্ট 38

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 38 | 168,310 | 128,337 | 4.73% |

গ্রিনউড, রেড হুক, ও সানসেট পার্ক নিয়ে ডিস্ট্রিক্ট 38 গঠিত হয়েছে। এই ডিস্ট্রিক্টটি জনসংখ্যার গ্রহণযোগ্য বিচ্যুতির সীমার মধ্যে রয়েছে, মহল্লাগুলোকে অবিভক্ত রাখার জন্য এর সীমারেখা পরিবর্তন করা হয়েছে। বিশেষ করে, উত্তরের সীমান্তে এই ডিস্ট্রিক্ট থেকে গোওয়ানুসের স-এর একটি অংশকে বাদ দেয়া হয়েছে, যাতে এই মহল্লাটি ডিস্ট্রিক্ট 39-এর সাথে একীভূত হতে পারে। 8th অ্যাভিনিউ-এর উভয় পাশকে এই ডিস্ট্রিক্টের সীমারেখার ভেতরে নিয়ে আসার জন্য কমিশন উল্লেখযোগ্য পরিমাণে সাক্ষ্য শুনেছে, এবং সংশোধিত পরিকল্পনায় এই অনুরোধের প্রতিফলন ঘটেছে।

### xxxix. ডিস্ট্রিক্ট 39

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 39 | 162,456 | 126,535 | 1.09% |

ডিস্ট্রিক্ট 39-এর মধ্যে রয়েছে ক্যারল গার্ডেন্স, গোওয়ানুস, পার্ক স্লপ, উইন্ডসর টেরেস, কেনসিংটন, প্রসপেক্ট পার্ক, ও বরো পার্কের কিছু অংশ। এই ডিস্ট্রিক্টটি জনসংখ্যার গ্রহণযোগ্য বিচ্যুতির সীমার মধ্যে রয়েছেছিল, মহল্লাগুলোকে অবিভক্ত রাখার জন্য এর সীমারেখা সমন্বয় করা হয়েছে। বিশেষ করে, সংশোধিত পরিকল্পনায় পার্ক স্লপ, ক্যারল গার্ডেন্স, ও গোওয়ানুস-এর কিছু অংশকে একীভূত করা হয়েছে। নতুন সীমারেখা ডিস্ট্রিক্ট 39-এর একই সাধারণ আকৃতি বজায় রেখেছে।

### xl. ডিস্ট্রিক্ট 40

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 40 | 152,861 | 117,871 | -4.88% |

ডিস্ট্রিক্ট 40-এর মধ্যে রয়েছে ডিটমাস পার্ক, ইস্ট ফ্ল্যাটবুশ, ফ্ল্যাটবুশ, লেফার্টস গার্ডেন্স, ও প্রসপেক্ট পার্ক সাউথ। গত দশকে, সেন্ট্রাল ব্রুকলিনের কৃষ্ণাঙ্গ জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে গেছে। 2003 সালের সীমারেখার অধীনে, এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে 13,000 কম রয়েছে। সংবিধান ও চার্টারের সমান জনসংখ্যার শর্ত পূরণ করার জন্য, সংশোধিত পরিকল্পনায় কেনসিংটনের একটি অংশকে যুক্ত করার জন্য এই ডিস্ট্রিক্টকে দক্ষিণ-পশ্চিমদিকে সম্প্রসারিত করা হয়েছে। একটি সম্পর্কযুক্ত কমিউনিটি সম্বন্ধে গণসাক্ষ্যের কারণে, প্রাথমিক খসড়া পরিকল্পনায় নির্ধারিত ডিস্ট্রিক্ট 35 ও 40 এর মধ্যবর্তী সীমারেখাকে সংশোধিত পরিকল্পনায় এম্পায়ার বুলোভার্ডের আগের জায়গায় স্থানান্তরিত করা হয়েছে।

### xli. ডিস্ট্রিক্ট 41

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 41 | 152,964 | 112,229 | -4.82% |

ডিস্ট্রিক্ট 41-এর অন্তর্ভুক্ত রয়েছে বেডফোর্ড-স্টাইভেসান্ট, ওশেন হিল-ব্রাউন্সভিল, ইস্ট ফ্ল্যাটবুশ ও ক্রাউন হাইটস। সংশোধিত সীমারেখায় ডিস্ট্রিক্ট 41-এর আকৃতি অনেকটা একই রয়েছে।

### xlii. ডিস্ট্রিক্ট 42

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 42 | 152,776 | 111,160 | -4.94% |

ইস্ট নিউ ইয়র্ক ও ব্রাউন্সভিল নিয়ে ডিস্ট্রিক্ট 42 গঠিত হয়েছে। 2003 সালের সীমারেখার অধীনে, ডিস্ট্রিক্ট 42-এর জনসংখ্যা আদর্শ জনসংখ্যা থেকে প্রায় 5,500 বেশি রয়েছে। ডিস্ট্রিক্ট 46-এর মহল্লাগুলো ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে, বিশেষ করে বে ভিউ টাওয়ার্স ও ক্যানারসিকে একীভূত করার জন্য কমিশনের সিদ্ধান্তের ফলে এই ডিস্ট্রিক্টের আকৃতি প্রভাবিত হয়েছে।

সেইসাথে, ডিস্ট্রিক্ট 42 ইস্ট নিউ ইয়র্কে সম্প্রসারিত হয়েছে যাতে এর সেন্ট্রাল ব্রুকলিন সীমান্তের এলাকাগুলো পার্শ্ববর্তী ডিস্ট্রিক্টগুলোতে চলে যেতে পারে যেগুলোর জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে কম রয়েছে।

### xliii. ডিস্ট্রিক্ট 43

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 43 | 168,392 | 135,595 | 4.78% |

ডিস্ট্রিক্ট 43-এর মধ্যে রয়েছে বে রিজ, বাথ বিচ, বেনসনহার্স্ট, ও ডাইকার হাইটস। স্ট্যাটেন আইল্যান্ডের জনসংখা 5% বেড়ে যাওয়া এবং এই বরোর সীমারেখার মধ্যে তিনটি ডিস্ট্রিক্টকে ধারণা করার সক্ষমতার কারণে, ব্রুকলিন ও স্ট্যাটেন আইল্যান্ডের মধ্যে একটি আন্তঃবরো ডিস্ট্রিক্ট রাখার আর কোনো প্রয়োজন নেই। এর ফলে, ডিস্ট্রিক্ট 43 বাথ বিচ ও ডাইকার হাইটস-এর অংশবিশেষ ফিরে পেয়েছে। এছাড়াও পার্কল্যান্ড এবং শোর রোড বরাবর ক্যালভার ভক্স পার্কে গিয়ে শেষ হওয়া বিনোদনমূলক লেনগুলোকে সম্পূর্ণভাবে একীভূত করার জন্য এই ডিস্ট্রিক্ট উপকূলরেখা বরাবর দক্ষিণ-পূর্বদিকে সম্প্রসারিত হয়েছে।

### xliv. ডিস্ট্রিক্ট 44

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 44 | 157,613 | 105,811 | -1.93% |

বরো পার্ক, মিডউড, ও ম্যাপলটন নিয়ে ডিস্ট্রিক্ট 44 গঠিত হয়েছে। এই ডিস্ট্রিক্টটি জনসংখ্যার গ্রহণযোগ্য বিচ্যুতির সীমার মধ্যে রয়েছে, মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে অবিভক্ত রাখার জন্য এর সীমারেখা পরিবর্তন করা হয়েছে। সেফার্ডিক কমিউনিটি ফেডারেশন ও কংগ্রেগেশন বেথ তোরা সহ কয়েকটি সংগঠন ও ব্যক্তির গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, সংশোধিত পরিকল্পনায় সেফার্ডিক ইহুদি সম্প্রদায়কে একীভূত করা হয়েছে - ইস্ট 19th স্ট্রিট থেকে কনি আইল্যান্ড অ্যাভিনিউ পর্যন্ত, অ্যাভিনিউ I থেকে M পর্যন্ত ডিস্ট্রিক্ট 44-এর সাথে যুক্ত করা হয়েছে।

### xlv. ডিস্ট্রিক্ট 45

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 45 | 153,543 | 116,518 | -4.46% |

সেন্ট্রাল ব্রুকলিনে অবস্থিত ডিস্ট্রিক্ট 45-এ রয়েছে ফ্ল্যাটবুশ, ইস্ট ফ্ল্যাটবুশ, ফ্ল্যাটল্যান্ডস, ও মিডউড। 2003 সালের সীমারেখার অধীনে, এই ডিস্ট্রিক্ট ব্রুকলিনের সবচেয়ে কম জনসংখ্যাবিশিষ্ট ডিস্ট্রিক্ট এবং আদর্শ জনসংখ্যা থেকে 12%, অর্থাৎ প্রায় 20,000 অধিবাসী কম রয়েছে। সংবিধান ও চার্টারের সাথে সঙ্গতিপূর্ণ করার জন্য, এই ডিস্ট্রিক্টের দক্ষিণের সীমারেখাকে মিডউডের মধ্যে সম্প্রসারিত করার মাধ্যমে এর জনসংখ্যা বাড়ানো হয়েছে। সেইসাথে, গণসাক্ষ্যের প্রতিক্রিয়ায়, ফোস্টার অ্যাভিনিউ ও কনি আইল্যান্ড অ্যাভিনিউ দ্বারা ঘেরা ভিক্টোরিয়ান ফ্ল্যাটবুশকে ডিস্ট্রিক্ট 45-এর সাথে যুক্ত করা হয়েছে।

### xlvi. ডিস্ট্রিক্ট 46

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 46 | 167,505 | 129,190 | 4.23% |

ডিস্ট্রিক্ট 46-এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বার্গেন বিচ, জেরিটসেন বিচ, ক্যানারসি, ফ্ল্যাটল্যান্ডস, মেরিন পার্ক, ও মিল বেসিন। মহল্লাগুলোকে অবিভক্ত রাখা সম্পর্কিত চার্টারের শর্ত মেনে চলার জন্য, ক্যানারসিকে এখন একীভূত এবং এই ডিস্ট্রিক্টের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। সেইসাথে, 2003 সালের সীমারেখায় ডেভেলপমেন্ট ও ক্যানারসি মহল্লার মধ্যবর্তী সম্পর্কযুক্ত কমিউনিটিকে বিভক্ত করা হয়েছিল, এই সাক্ষ্য শোনার পর কমিশন আগে ডিস্ট্রিক্ট 42-এ থাকা বে ভিউ হাউসকে এখন ডিস্ট্রিক্ট 46-এ স্থানান্তরিত করেছে।

সংশোধিত পরিকল্পনার সীমারেখাগুলো কমিশনের 4 ডিসেম্বরের পরিকল্পনার অনুরূপ রয়েছে, যা ইউনিটি গ্রুপের বিকল্প পরিকল্পনা দ্বারা ব্যাপকভাবে প্রভাবিত হয়েছিল যা সংখ্যালঘু ভোটারদের জন্য একটি নতুন "নির্বাচিত করার সুযোগবিশিষ্ট" ডিস্ট্রিক্ট তৈরি করেছে। ড. হ্যান্ডলির বিশ্লেষণ অনুযায়ী, এই পরিবর্তনগুলোর ফলে এই ডিস্ট্রিক্টের কৃষ্ণাঙ্গ অধিবাসীরা প্রথমবারের মত কাউন্সিলে তাদের প্রার্থীকে নির্বাচিত করার সুযোগ পাবে বলে মনে হচ্ছে।

### xlvii. ডিস্ট্রিক্ট 47

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 47 | 168,410 | 131,841 | 4.79% |

ডিস্ট্রিক্ট 47-এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে গ্রেভসেন্ড, কনি আইল্যান্ড, সি গেট, ও বেনসনহার্স্ট। এই ডিস্ট্রিক্ট জনসংখ্যার গ্রহণযোগ্য বিচ্যুতির সীমার মধ্যে রয়েছে, মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে অবিভক্ত রাখার জন্য এর সীমারেখা পরিবর্তন করা হয়েছে। বিশেষ করে, সংশোধিত পরিকল্পনায় বেনসনহার্স্ট, গ্রেভসেন্ড, ও বাথ বিচের সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে একীভূত করার জন্য AALDEF ও ACCORD এর উদ্বেগের জবাব দেয়ার চেষ্টা করা হয়েছে। OCA-NY এর সাক্ষ্য ও জমা দেওয়া বিকল্প পরিকল্পনা দ্বারা সংশোধিত পরিকল্পনা প্রভাবিত হয়েছে।

### xlviii. ডিস্ট্রিক্ট 48

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 48 | 167,579 | 136,012 | 4.27% |

ম্যানহাটান বিচ, ব্রাইটন বিচ, শিপসহেড বে, ও মিডউড নিয়ে ডিস্ট্রিক্ট 48 গঠিত হয়েছে। সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে অবিভক্ত রাখার জন্য চার্টারের শর্ত অনুযায়ী এই ডিস্ট্রিক্টের আকৃতি নির্ধারিত হয়েছে এবং ভোটেরটদানের অধিকার আইন অনুযায়ী ডিস্ট্রিক্ট 45-কে "নির্বাচিত করতে সক্ষম" ডিস্ট্রিক্ট হিসেবে বজায় রাখার এবং ডিস্ট্রিক্ট 46-কে একটি সম্ভাব্য "নির্বাচিত করার সুযোগবিশিষ্ট" ডিস্ট্রিক্টে পরিণত করার প্রয়োজনীয়তা দ্বারা প্রভাবিত হয়েছে। সংশোধিত পরিকল্পনায় ব্রাইটন বিচ, ম্যানহাটান বিচ, ও কনি আইল্যান্ড অ্যাভিনিউ-এর পশ্চিমে হাউজিং কমপ্লেক্সগুলোতে রুশিয়ান-অ্যামেরিকান কমিউনিটিকে একীভূত করা হয়েছে। মিডউডের একটি অংশকে ছেড়ে দেয়ার জন্য উত্তরের সীমারেখাকে সংকুচিত করা হয়েছে যাতে ডিস্ট্রিক্ট 45 গ্রহণযোগ্য বিচ্যুতির মধ্যে থাকার জন্য জনসংখ্যা পেতে পারে এবং পুর্বদিকে শিপসহেড বে-এর আরো বেশি অংশে সম্প্রসারিত হতে পারে।

গণসাক্ষ্যে অর্থডক্স ইহুদি কমিউনিটি ডিস্ট্রিক্ট 48-এ থাকার অনুরোধ জানানোর পর, সংশোধিত পরিকল্পনায় এখন ইস্ট $19^{th}$ থেকে $27^{th}$ স্ট্রিট পর্যন্ত অ্যাভিনিউ L থেকে M কে এই ডিস্ট্রিক্টের অন্তর্ভুক্ত করা হয়েছে।

### ঙ. রিচমন্ড কাউন্টি

#### xlix. ডিস্ট্রিক্ট 49

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 49 | 159,569 | 118,080 | -0.71% |

উত্তর স্ট্যাটেন আইল্যান্ডে ডিস্ট্রিক্ট 49-এ রয়েছে ক্লিফটন, এলম পার্ক, মেরিনার্স হারবার, নিউ ব্রাইটন, পোর্ট রিচমন্ড, সেন্ট জর্জ, স্ট্যাপলটন, ওয়েস্ট ব্রাইটন, ও টম্পকিনসভিল। 2003 সালের সীমারেখার অধীনে, এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা আদর্শ জনসংখ্যার চেয়ে 10,000 জন বেশি। চার্টারের সমান জনসংখ্যার শর্ত পূরণ করার জন্য, এই ডিস্ট্রিক্টের দক্ষিণের সীমারেখা সরানো হয়েছে, যাতে ক্যাসেলটন কর্ণার্স ও ওয়েস্টারিল ডিস্ট্রিক্ট 50-এর সাথে একীভূত হতে পারে। ডিস্ট্রিক্ট 49-এর দক্ষিণের সীমান্ত স্ট্যাটান আইল্যান্ড এক্সপ্রেসওয়ের প্রাকৃতিক সীমারেখাকে ব্যাপকভাবে অনুসরণ করেছে।

#### l. ডিস্ট্রিক্ট 50

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 50 | 155,454 | 122,381 | -3.27% |

ডিস্ট্রিক্ট 50-এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অ্যারোচার, বুলস হেড, কনকর্ড, ডনগান হিল, এমারসন হিল, ফোর্ট ওয়াডসওর্থ, মিডল্যান্ড বিচ, নিউ ড্রপ, প্রালসপ্রাল'স আইল্যান্ড, সাউথ বিচ, টড হিল, ট্রাভিস, ও ওয়েস্টারলি। আগে যেভাবে উল্লেখ করা হয়েছে, স্ট্যাটেন আইল্যান্ডের জনসংখা 5% বেড়ে যাওয়ার কারণে সংশোধিত পরিকল্পনায় ব্রুকলিন ও স্ট্যাটেন আইল্যান্ডের মধ্যে একটি আন্তঃবরো ডিস্ট্রিক্ট বাদ দিয়ে মহল্লা ও সম্পর্কযুক্ত কমিউনিটিগুলোকে অবিভক্ত রাখা সম্ভব হয়েছে। ডিস্ট্রিক্ট 50 এখন সম্পূর্ণভাবে স্ট্যাটেন আইল্যান্ডের মধ্যে অবস্থিত। সেইসাথে, ওকল্যান্ড ও ওয়েস্টারলি মহল্লাগুলো এখন এই ডিস্ট্রিক্টের মধ্যে একীভূত রয়েছে।

#### li. ডিস্ট্রিক্ট 51

| কাউন্সিল ডিস্ট্রিক্ট | মোট জনসংখ্যা | ভোটদানের বয়সী মোট জনসংখ্যা | জনসংখ্যার বিচ্যুতি |
|---|---|---|---|
| 51 | 153,553 | 118,913 | -4.45% |

আন্নাডেল, আর্ডেন হাইটস, চার্লসটন, এলটিংভিল, গ্রেট কিলস, প্রিন্স'স বে, রোজভিল, টটেনভিল, ও উডরো নিয়ে ডিস্ট্রিক্ট 51 গঠিত হয়েছে। উত্তরের সীমান্তে ওকল্যান্ড মহল্লাকে ডিস্ট্রিক্ট 50-এর সাথে একীভূত হতে দেওয়া ছাড়া ডিস্ট্রিক্ট 51-এর সীমারেখা মূলত একই রয়েছে।